

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় ২০১৪-২০১৫ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন
প্রতিবেদনের সার-সংক্ষেপ**

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পে সংখ্যা	জেডিসিএ ফ ডুস্ত প্রকল্পের সংখ্যা	সময় ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	০৩ টি	০৩ টি	০০ টি	০০ টি	০২ টি	০৩ টি	২০%- ৬০%	০১ টি	২৫.৬%

*২টি প্রকল্পের প্রকৃত ব্যয় মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের চেয়ে কম (৯.৪% ও ৪০.৬%) হয়েছে।

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ** ০৩ টি

২। **সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকালঃ**

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
ঢাকা শিশু হাসপাতাল সম্প্রসারণ	২১৫১.৭৯	জুলাই ২০১০ হতে ডিসেম্বর ২০১৪
শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন	১৭৭৫০.২১	মে, ২০১০ হতে জুন, ২০১৫
রিভাইটলাইজেশন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিশিয়েটিভস্ ইন বাংলাদেশ (কমিউনিটি ক্লিনিক প্রকল্প)	১৫৯১১৮.৯২	জুলাই ২০০৯ হতে জুন ২০১৫

৩। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ**

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
ঢাকা শিশু হাসপাতাল সম্প্রসারণ	প্রকল্পের আওতায় নির্ধারিত কার্যক্রম যথা সময়ে শুরু করতে না পারায় তা বাস্তবায়নে বিলম্ব হয়েছে। ফলে প্রকল্পের মেয়াদকাল বৃদ্ধি পেয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় সকল কার্যক্রম সঠিকভাবে সমাপ্ত করতে না পারায় প্রাক্কলিত ব্যয় অপেক্ষা প্রকৃত ব্যয় কম হয়েছে।
শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন	মূল অনুমোদিত প্রকল্পের নির্মাণ ব্যয় ২০০৮ সালের রোট শিডিউল প্রাক্কলন করা হয়। কিন্তু ২০১১ সালের রোট শিডিউল অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করতে হয়েছে বিধায় প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়েছে। নির্মাণ কাজ যথা সময়ে শুরি ও শেষ না হওয়ায় প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়েছে।
রিভাইটলাইজেশন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিশিয়েটিভস্ ইন বাংলাদেশ (কমিউনিটি ক্লিনিক প্রকল্প)	কমিউনিটি ক্লিনিকের(সিসি) জন্য প্রয়োজনীয় জমি পেতে বিলম্ব হওয়া, সিসি সংখ্যা বৃদ্ধি; চর, হাওর, বাওর পাহাড়ী ইত্যাদি প্রত্যন্ত অঞ্চলে ৩৬১ টি নতুন সিসি নির্মাণ অন্তর্ভুক্ত করা ইত্যাদি কারণে মেয়াদ বৃদ্ধি পেয়েছে। তবে তৃতীয় সেক্টর প্রোগ্রামের আওতায় অনেক কার্যক্রম বাস্তবায়ন করায় দ্বৈততা এড়াতে এ প্রকল্পের আওতায় উক্ত কার্যক্রম সম্পাদন না করায় ব্যয় হ্রাস পেয়েছে।

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
ঢাকা শিশু হাসপাতাল সম্প্রসারণ	
ডিপিপি'র অনুমোদিত সংস্থান ও চুক্তিমূল্য অপেক্ষা অতিরিক্ত অর্থ ব্যয় করা এবং যথাযথ কর্তৃকপক্ষের অনুমোদন ব্যতিরেকে এক অংগের অর্থ অন্য অংগে অর্থ ব্যয় করা	যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে ডিপিপি'র সংস্থান ও চুক্তিমূল্য অপেক্ষা অতিরিক্ত অর্থ ব্যয় করা, কতিপয় উপাঞ্জের বাস্তবায়ন না করে সংস্থানকৃত অর্থ এবং কতিপয় উপাঞ্জের সাশ্রয়কৃত অর্থ অন্য খাতে ব্যয়ের বিষয়টি পরিকল্পনা শৃঙ্খলার ব্যত্যয়। এ স কল বিষয়ে মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং গৃহীত কার্যক্রম সম্পর্কে আইএমইডি'কে অবহিত করবে;
অনুমোদিত সংস্থান অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়ন না করায় ভবিষ্যত পরিকল্পনায় বিঘ্ন ঘটানোর আশঙ্কা	ভবনটির অনুমোদিত আয়তন কমানো ও নকশা পরিবর্তন করা , জায়গা স্বল্পতার কারণে ছোট পরিসরে আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার ও সাব-স্টেশন ভবন নির্মাণ করা , ১০০০ কেভিএ সাব-স্টেশন যন্ত্রপাতির স্থলে ৮০০ কেভিএ যন্ত্রপাতি স্থাপন করা , পাম্প মটর ২টির স্থলে ১টি ক্রয় করা হয়েছে। আয়তন ও নকশা পরিবর্তনসহ গুরুত্বপূর্ণ এ উপাঞ্জাগুলি যথাযথভাবে বাস্তবায়ন না করার বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে এবং আইএমইডিকে তা অবহিত করবে;
ছাড়কৃত অতিরিক্ত অর্থ বিধি মোতাবেক সরকারি কোষাগারে জমা না দেয়া	২০১১-২০১২ এবং ২০১৩-২০১৪ অর্থবছরে অব্যয়িত অর্থ সমর্পণ সংক্রান্ত তথ্যাদির মধ্যে যথেষ্ট গড়মিল পরিলক্ষিত হয়েছে বিধায় জমাদান সংক্রান্ত বার্ষিক রিকনসিলিয়েশন সংশ্লিষ্ট মন্ত্রণালয় নিশ্চিত করবে এবং আইএমইডিকে তা অবহিত করবে;
চলমান প্রকল্পের অনুকূলে ভবনটির নির্মাণ কাজের জন্য সেক্টর কর্মসূচী হতে বরাদ্দ প্রদান	২০১১-২০১২ অর্থবছরে “এক্সটেনশন অব ঢাকা শিশু হাসপাতাল” শীর্ষক প্রকল্পের (কোড নং ৫-২৭১১-৫০২০) কার্যক্রম বাস্তবায়নের জন্য সেক্টর কর্মসূচী হতে একই কোয়ার্টারসমূহে বরাদ্দ ও অর্থছাড় করার বিষয়টি স্পষ্ট নয়। ভবন নির্মাণ কাজের জন্য সেক্টর কর্মসূচী হতে অর্থছাড় করা সমীচীন হয়নি। সেক্টর কর্মসূচী হতে অর্থছাড়ের বিষয়ে মন্ত্রণালয় যথাযথ ব্যাখ্যা সহ যৌক্তিকতা প্রদান করবে;
বৈদ্যুতিক ফ্যান সরবরাহ ও স্থাপন না করা	জরুরীভিত্তিতে নির্মিত ভবনে বৈদ্যুতিক ফ্যান সরবরাহ ও স্থাপন কাজ সম্পন্ন করতে হবে; এবং
হাসপাতাল ভবনটি যথাযথভাবে হস্তান্তর না করা	নির্মাণ সংস্থা ও হাসপাতাল কর্তৃপক্ষ ভবনসমূহের হস্তান্তর প্রক্রিয়ার বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করবে;
শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন	
নির্মাণ	
অবকাঠামো নির্মাণ কাজে ত্রুটি	প্রকল্পের আওতায় সম্পন্ন সকল নির্মাণ ত্রুটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ
যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়কালে প্রকল্প বাস্তবায়নের Critical Path অনুসরণ করে সম্পাদন না করা	ভবিষ্যতে সকল প্রকল্পে যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়কালে প্রকল্প বাস্তবায়নের Critical Path অনুসরণ করা
প্রয়োজনীয় জনবলের পদ সৃজন হওয়া সত্ত্বেও সৃজিত	চিকিৎসকসহ সকল সৃজিত পদে জনবল নিয়োগ/পদায়ন নিশ্চিত

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
পদে জনবল নিয়োগ/পদায়ন না করা	করতে হবে;
একাডেমিক কার্যক্রম শুরু করার পদক্ষেপ না নেয়া	একাডেমিক কোর্স পরিচালনার জন্য affiliation গ্রহণ ও সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন এবং এজন্য প্রয়োজনীয় আর্থিক বরাদ্দের ব্যবস্থা করতে হবে
গবেষণার জন্য affiliation নেয়ার পদক্ষেপ না নেয়া এবং গবেষণা কার্যক্রম শুরু না করা	গবেষণার জন্য affiliation পদক্ষেপ নিতে হবে এবং যত দূত সম্ভব গবেষণা কার্যক্রম শুরু করা
প্রকল্প সমাপ্তির পর ২ (দুই) বছরেরও বেশী সময় অতিক্রান্ত হলেও প্রত্যাশি সংস্থার নিকট হস্তান্তর সম্পন্ন না হওয়া	প্রকল্প সমাপ্ত হওয়ার ২ (দুই) মাস অতিক্রান্ত হওয়ার পরও সংস্থার নিকট হস্তান্তর না করা নিয়ম বর্হিভূত। যত দূত সম্ভব প্রকল্পটি সংস্থার নিকট হস্তান্তর করতে হবে।
১৪টি ভবন হস্তান্তরিত না হওয়ায় অব্যবহারজনিত কারণে ভবনগুলো নষ্ট হওয়া এবং	১৪টি ভবন দুতই সংস্থার নিকট হস্তান্তর করে এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে ভবনগুলোতে প্রশাসনিক কার্যক্রম শুরু করা।
৪টি ভবনের হস্তান্তর ও বরাদ্দ প্রক্রিয়া সম্পাদন না করে ব্যবহার করা	কাজ শেষ হওয়া ৪টি ভবন দুতই সংস্থার নিকট হস্তান্তর করা এবং এ ভবনগুলো ব্যবহার করা থেকে বিরত থাকা।
বরাদ্দ ব্যতীরেকে ৪টি ভবনের অধিকাংশ কক্ষ/ফ্ল্যাটে বিধিভূতভাবে বৈদ্যুতিক রাইসকুকার/চুলাসহ বিভিন্ন বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার করা	বরাদ্দপত্র ছাড়া সরকারী আবাসিক স্থাপনায় বসবাসকারী কর্মকর্তা-কর্মচারীগণের নিকট থেকে বিধি মোতাবেক বকেয়াসহ সম্পূর্ণ বাড়িভাড়া কর্তন করা যেতে পারে; এছাড়া তাদের নিকট থেকে উক্ত ভবনগুলোতে ব্যবহৃত বিদ্যুতের বিল/পানির বিল বকেয়াসহ আদায় করা যেতে পারে।
প্রকল্পের আওতায় সংগৃহীত ৩টি গাড়ি পরিবহন পূলে জমা না দেয়া অথবা টিওই ভুক্তনা করা	প্রকল্পের আওতায় সংগৃহীত ৩টি গাড়ি পরিবহন পূলে জমা দিতে হবে অথবা টিওই ভুক্ত করতে হবে।
প্রকল্পের আওতায় সংগৃহীত কোন যন্ত্রপাতি বা আসবাবপত্র টিওই ভুক্ত না করার	প্রকল্পের আওতায় সংগৃহীত সকল যন্ত্রপাতি বা আসবাবপত্র টিওই ভুক্ত করতে হবে।

ঢাকা শিশু হাসপাতাল সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

সমাপ্ত: ডিসেম্বর ২০১৪

- ১। প্রকল্পের নাম : ঢাকা শিশু হাসপাতাল সম্প্রসারণ।
 ২। প্রকল্পের অবস্থান : শেরে বাংলা নগর, ঢাকা।
 ৩। বাস্তবায়নকারী সংস্থা : স্বাস্থ্য অধিদপ্তর এবং ঢাকা শিশু হাসপাতাল (DSH)
 ৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
 ৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
মোট- ২৩৭৫.১৬ টাকা- ১৪২৫.১৫ DSH- ৯৫০.০১	-	মোট- ২১৫১.৭৯ টাকা- ১২৪৩.৫৩ DSH- ৯০৮.৭৬	জুলাই ২০১০ হতে জুন ২০১৩ (৩৬ মাস)	-	জুলাই ২০১০ হতে ডিসেম্বর ২০১৪ (৫৪ মাস)	-	১৮ মাস (৫০%)

- ৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রাপ্ত পিসিআর-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা			প্রকৃত বাস্তবায়ন		
			বাস্তব	আর্থিক		বাস্তব	আর্থিক	
				জিওবি	DSH		জিওবি	DSH
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
	(ক) রাজস্ব ব্যয়:							
১.	জনবলের বেতন ও ভাতা	জন	৬	-	১১.৭১	৫	-	৩১.৩৩
২.	সংস্থাপন ব্যয়	থোক	-	-	১৩.৮৬	-	-	-
৩.	রেজিস্ট্রেশন ফি	থোক	-	-	১.০০	-	-	-
৪.	স্টেশনারী	থোক	-	-	৫.০০	থোক	-	৬.০৯
৫.	বই ও পেরিওডিক্যাল	থোক	-	-	০.৫০	-	-	-
৬.	আপায়ন	থোক	-	-	১.০০	থোক	-	১.৪০
৭.	ব্যবস্থাপনা খরচ	থোক	-	-	১.০০	-	-	-
৮.	ক্যাড্রুয়াল লেবার	থোক	-	-	০.৫০	-	-	-
৯.	কনসালটেন্সি	থোক	-	-	১.০০	-	-	-
১০.	সম্মানী	থোক	-	-	১.৭৫	থোক	-	০.৪২
১১.	অন্যান্য ব্যয়	থোক	-	-	৩.০০	থোক	-	৬০.৯৩
১২.	কম্পিউটার সরঞ্জাম	থোক	-	-	০.০৫	-	-	-
১৩.	ফার্নিচার	থোক	-	-	০.৭৫	-	-	-
১৪.	অন্যান্য মেরামত	থোক	-	-	০.৭৫	থোক	-	০.৩৪
	উপমোট:				৫২.৩২			১০০.৫২
	(খ) মূলধন ব্যয়:							
১৫.	যানবাহন (এ্যাম্বুলেন্স)	সংখ্যা	১টি		৩০.০০	-		-
১৬.	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম	থোক	-	৭৮.৩০	৪৮৫.৬০		৭৬.৮৩	৫৩০.২৮
১৭.	কম্পিউটার ও সরঞ্জাম	সংখ্যা	৬টি		২.০০	৬টি		২.১৫
১৮.	আসবাবপত্র ও ফিক্সচার	সংখ্যা	১৬৭টি		৩৬.৭৯	১৬৭টি		১৮.৪১
১৯.	ভৌত নির্মাণ (সোলার প্যানেল স্থাপন ও রেইন ওয়াটার রিজার্ভারসহ)	ব:ফু:	৯৩০০ ব:ফু:	১১৬৭.৩০	২৫৬.৯৩	৯৩০০ ব:ফু:	১১৬৬.৭০	২৫৬.৯০
২০.	লিফ্ট (১টি)	সংখ্যা	১টি		৫০.০০			
	উপমোট:				১২৯৫.৬০	৮৬৩.৬৪		১২৪৩.৫৩
২১.	প্রাইস কন্টিনজেন্সী	থোক		১০৩.৬৪	৬৯.১০			
২২.	ফিজিক্যাল কন্টিনজেন্সী	থোক		২৫.৯১	১৭.২৭			
	উপমোট:				১২৯.৫৫	৮৬.৩৭		১২৪৩.৫৩
	সর্বমোট:			১০০%-	২৩৭৫.১৬	৯৬%		২১৫২.২৯ (৯০.৬১%)

তথ্য সূত্র: পিসিআর অনুযায়ী

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :** প্রাপ্ত পিসিআর ও পরিদর্শনকালীন সময়ে অগ্রগতির তথ্যানুযায়ী দেখা যায় যে, ভবিষ্যতে ভবনটি উর্ধ্বমুখী সম্প্রসারণ বিবেচনায় ৫০ টন Split type Air Conditioner, Solar System স্থাপন ও আরসিসি ওয়াটার ট্যাংক নির্মাণ কাজ করা হয়নি। যন্ত্রপাতির মূল্য বৃদ্ধির ফলে সিটি স্ক্যান -১টি, লেমিনার ফ্লো-২টি, পোর্টেবল আলট্রাসোনোগ্রাম মেশিন -১টি, আলট্রাসোনোগ্রাম মেশিন -১টি, ল্যাপটপ-১টি, টেলিভিশন-৫টি, সোফাসেট-৫টি, কনফারেন্স টেবিল -১টি, চেয়ার-২৪টি ক্রয় করা হয়নি। এছাড়া একটি এ্যাম্বুলেন্স ক্রয়ের সংস্থান থাকলেও উক্ত অর্থ যন্ত্রপাতি খাতে ব্যয় করা হয়েছে বিধায় এ্যাম্বুলেন্সটি ক্রয় করা সম্ভব হয়নি।

৮। **সাধারণ পর্যবেক্ষণ:**

৮.১ **পটভূমি:** স্বাধীনতার পরপরই ১৯৭২ সালে কিছু সংখ্যক মহৎ লোকের উদ্যোগে ধানমন্ডিতে একটি ভাড়া বাসায় ৫০ শয্যা বিশিষ্ট ঢাকা শিশু হাসপাতাল তার যাত্রা শুরু করে। একই সময় ঢাকার শুব্রবাদ এলাকায় এই হাসপাতালের বহির্বিভাগ চালু করা হয়। পরবর্তীতে ১৯৭৪ সালে এনইসি ৫০০ শয্যা বিশিষ্ট ঢাকা শিশু হাসপাতাল অনুমোদন করে এবং ১৯৭৫ সালে পরিচালনা বোর্ড গঠন করেন। এরই ধারাবাহিকতায় ১৯৭৭ সালে ঢাকা শিশু হাসপাতাল এলাকা থেকে বর্তমান অবস্থানে shift করা হয়। ঢাকা শিশু হাসপাতাল সরকারি অর্থায়নে পরিচালিত একটি অলাভজনক স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, যা সরকার কর্তৃক গঠিত একটি বোর্ড দ্বারা পরিচালিত হয়। বর্তমানে ৫৩৩ শয্যা বিশিষ্ট হাসপাতালে শিশুদের মেডিসিন, সার্জারী, স্কীন, ইএনটি, দন্ত ও ফিজিওথেরাপী বিষয়ে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। ১৯৮৩ সালে এখানে বাংলাদেশ শিশু স্বাস্থ্য ইনস্টিটিউট প্রতিষ্ঠার মাধ্যমে শিশু স্বাস্থ্য বিষয়ে স্নাতকোত্তর ও ডিপ্লোমা ডিগ্রী প্রদান করা হচ্ছে। বিদ্যমান সুবিধাদি বৃদ্ধি করে শিশু স্বাস্থ্য সেবার মান উন্নয়নই আলোচ্য প্রকল্পটির প্রধান উদ্দেশ্য।

৮.২ **প্রকল্পের মূল উদ্দেশ্য:**

- (ক) স্বাস্থ্যসেবার মান উন্নয়নের মাধ্যমে শিশু স্বাস্থ্যের উন্নতি সাধন;
- (খ) দক্ষ জনশক্তি গড়ে তোলা; এবং
- (গ) ঢাকা শিশু হাসপাতালের সুযোগ সুবিধা বৃদ্ধি।

৮.৩ **সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ:**

- (ক) শিশু হাসপাতালের সেবা সক্ষমতা বৃদ্ধি করা;
- (খ) শিশু হাসপাতালের বহিঃবিভাগে আগত রুগীদের চিকিৎসা সুবিধা প্রদানের জন্য বহিঃবিভাগের সক্ষমতা বৃদ্ধি করা;
- (গ) এ হাসপাতালে শিশু হৃদরোগ (Child Cardiology) বিভাগ-কে ৩০ বেডে উন্নীতকরণ করে নতুন বিভাগ চালু করা (২০টি মেডিসিন বেড, ৫টি আইসিইউ বেড এবং ৫টি সার্জারী বেড); এবং
- (ঘ) প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ ইনস্টিটিউট অব চাইল্ড হেলথ এর বিভিন্ন প্রকার অন দ্য জব প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধি করা।

৮.৪ **প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম :** ঢাকার শের-ই-বাংলা নগরে বেইজমেন্টসহ ৯ তলা ভবনের ফাউন্ডেশন দিয়ে একটি আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত ৩ তলা হাসপাতাল ভবন নির্মাণ প্রকল্পের মূল কাজ। এছাড়া স্বাস্থ্য সেবার মান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ধরনের মেডিক্যাল ও ইলেক্ট্রিক্যাল ইকুইপমেন্ট এবং ফার্নিচার ক্রয়ের সংস্থান রয়েছে।

৮.৫ **প্রকল্পের অনুমোদন অবস্থা:** প্রকল্পটি গত ২৩/০১/২০১১ তারিখে ২৩৭৫.১৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১০ থেকে জুন, ২০১৩ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ২৩৭৫.১৬ লক্ষ টাকার মধ্যে জিওবি ১৪২৫.১৫ লক্ষ টাকা এবং সংস্থার নিজস্ব অর্থায়ন (ঢাকা শিশু হাসপাতাল) ৯৪৯.৫৬ লক্ষ টাকা। গত ০৪/০৮/২০১৩ তারিখে আইএমই বিভাগের সুপারিশের প্রেক্ষিতে ১ম দফায় জুন, ২০১৪ পর্যন্ত ১ বছর এবং ২য় দফায় ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ৬ মাস ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়।

- ৯। **প্রকল্পটির ক্রয় পরিকল্পনা (পণ্য/কার্য) এবং বাস্তবায়ন সংক্রান্ত:**
- (ক) **ক্রয় পরিকল্পনা (পণ্য/কার্য):** প্রকল্পটির আওতায় ২০টি প্যাকেজে ‘পণ্য’ বাবদ ৫৬৩.৯০ লক্ষ টাকা এবং ১টি প্যাকেজে ‘কার্য’ ক্রয় বাবদ ১৪৭৪.২৩ লক্ষ টাকাসহ মোট ২০৩৮.১৩ লক্ষ টাকার সংস্থান ছিল।
- (খ) **ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন:** প্রকল্পটির আওতায় “পণ্য ও সেবা ” ক্রয়ের ক্ষেত্রে প্রকল্প কর্তৃপক্ষ /বাস্তবায়নকারী সংস্থা স্বাস্থ্য অধিদপ্তর এবং **Action Plan** অনুযায়ী ভৌত নির্মাণ কাজ বাস্তবায়নের দায়িত্ব গণপূর্ত অধিদপ্তর-এর উপর ন্যস্ত ছিল। প্রকল্পের আওতায় হাসপাতাল ভবনসহ অন্যান্য কাজের জন্য ডিপিপি নির্ধারিত ২৩৭৪.৭১ লক্ষ টাকার মধ্যে ১৪২৪.২৩ লক্ষ টাকা গণপূর্ত অধিদপ্তর-এর কাছে হস্তান্তর করা হয়। সে অনুযায়ী সমুদয় নির্মাণ কাজ গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হয়েছে।
- ১০। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:
- (ক) সংশ্লিষ্ট প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
- (ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা; এবং
- (চ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।
- ১১। **প্রকল্প পরিদর্শন:** আইএমইডি কর্তৃক গত ২৫/০২/২০১৬ তারিখে প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক , গণপূর্ত বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী (নির্মাণ), উপ-সহকারী প্রকৌশলী (ই/এম) এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা করেছেন। পরিদর্শন বর্ণনা নিম্নরূপ:
- ১১.১ **ভবন নির্মাণ সংক্রান্ত তথ্যাদি :** স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত ‘খসড়া স্থাপত্য নকশা ’ অনুযায়ী হাসপাতালের সম্মুখভাগে বর্তমানে অবস্থিত ক্যান্টিন ও গ্যারেজ ভেঙ্গে তথায় বেজমেন্ট +৯ তলা ভীতের উপর ১ম পর্যায়ের প্রতি ফ্লোরে ৯৩০০ বর্গফুট ফ্লোর স্পেস ধরিয়া বেজমেন্ট+৯ তলা ফাউন্ডেশন বিশিষ্ট বেজমেন্ট+৩ তলা ভবনের প্রয়োজনীয় ব্যয় অন্তর্ভুক্ত করে গণপূর্ত অধিদপ্তরে র ২০০৮ সালের রেট সিডিউল মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করা হয়। সে অনুযায়ী প্রাক্কলনটির ব্যয় দাঁড়ায় (সিভিল ১১১৪.৩৩ লক্ষ +বৈদ্যুতিক ৩০৯.৯০ লক্ষ+কন্টিনজেন্সী ১৪২.৪২ লক্ষ) সর্বমোট ১৫৬৬.৬৫ লক্ষ টাকা। হাসপাতালটি সুষ্ঠু ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের নিমিত্তে ৩০০ কেভিএ বৈদ্যুতিক জেনারেটর, ১০০০ কেভিএ ট্রান্সফরমারসহ সাব-স্টেশন ভবন, ২টি লিফ্ট ও অন্যান্য আইটেমের ব্যয় প্রাক্কলন করা হয়।
- ১১.২ **নির্মাণ কাজের সংগ্রহ প্রক্রিয়া:** সংগ্রহ প্রক্রিয়ায় দেখা যায় যে, মূল ভবন নির্মাণ কাজের জন্য ২১/০৬/২০১১ তারিখে টেন্ডার আহ্বান করা হয়। টেন্ডার জমা দেওয়ার শেষ তারিখ ছিল ২৭/১০/২০১২। বিক্রিত ৩টি দরপত্রের মধ্যে ৩টি দরপত্রই রেসপনসিভ হয়। মূল ভবন নির্মাণ কাজের **Engineers Estimate** ছিল ৯১৩.৩৪ লক্ষ টাকা। দরপত্র মূল্যায়নে সর্বনিম্ন দরদাতা Project Builders Ltd-এর উদ্ধৃত দর ৯৯৩.২৯ লক্ষ টাকা যা **Engineers Estimate** অপেক্ষা ৭৯.৯৫ লক্ষ টাকা বেশী (অর্থাৎ ৮.৭৫% উর্দ্ধদর)। গত ২৩/১১/২০১১ তারিখে Project Builders Ltd কে কার্যাদেশ (Notification Award) প্রদান করা হয়। কার্যাদেশকৃত চুক্তিমূল্য ৯৯৩.২৯ লক্ষ টাকা।

ডিপিপি অনুযায়ী মূল ভবন নির্মাণের ব্যয় প্রাক্কলন

ব্যয় প্রাক্কলন			আইএমইডি'র পর্যবেক্ষণ
কাজের বিবরণ	পরিমাণ	আর্থিক সংস্থান	
(ক) Foundation	৮৬৩.৯৯ স্ক:মি:	৪০৫.৬৭	<p>(১) একক প্যাকেজ বিভক্ত করে বাস্তবায়ন করা : ভৌত নির্মাণ প্যাকেজটির সর্বমোট মূল্য ছিল ১৪২৪.২৩ লক্ষ টাকা। তথ্য - উপাত্ত পর্যালোচনায় দেখা যায় যে, ভৌত নির্মাণ কাজের একক প্যাকেজটি বাস্তবায়ন পর্যায়ে ক্রয় কার্যক্রম বিভক্ত (split up) করে মূল ভবন নির্মাণের জন্য আলাদাভাবে ক্রয় কার্য সম্পন্ন করা হয়েছে।</p> <p>(২) ডিপিপি'র সংস্থান ও প্রকৃত বাস্তবায়ন : প্রকল্পটির মাধ্যমে শিশু হৃদরোগ বিভাগ সৃষ্টি এবং এ বিভাগে ৩০ বেড (২০টি মেডিসিন বেড, ৫টি আইসিইউ ও ৫টি সার্জারী বেড) এর সংস্থান রাখা হয়। পরিকল্পনায় প্রাথমিকভাবে ৩টি ফ্লোরে ২০টি বা ততোধিক কক্ষ নির্মাণ করা। নির্মিত কক্ষ গুলোর মধ্যে রেডিওলজি, সিটিক্যানার, আলট্রাসোনোগ্রাম, ল্যাবরেটরী, আইসিইউ, অপারেশন থিয়েটার অধ্যাপকের কক্ষ, কেবিন, ওয়েটিং রুম ইত্যাদি অন্তর্ভুক্ত ছিল। এ সমস্ত স্থানে আসবাবপত্র এবং মেডিকেল, ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি ও এয়ারকুলার স্থাপন করা। উক্ত ভবনের মোট ফ্লোর এরিয়া পরিমানের ভিত্তিতে এসি ধারণ ক্ষমতা ৫০ টন নির্ধারিত ছিল। প্রকৃতপক্ষে বাস্তবায়ন পর্যায়ে বাস্তব কাজের পরিমান ও পরি মাপ কমানো হয়েছে এবং স্থাপত্য নকশা পরিবর্তন করে কার্ডিয়াক সার্জারী ওটি কমপ্লেক্স, ক্যাথ ল্যাব ৬টি বেডের আইসিইউ এবং ৮টি বেডের পোস্ট অপারেটিভ ওয়ার্ড এবং রেডিওলজি এন্ড ইমাজিন, প্যাথলজি, বায়োকেমিস্ট্রি, হিস্টোপ্যাথলজির সংস্থান রাখা হয়েছে। সংস্থানকৃত ৩০টি বেডের বিপরীতে ১৪টি বেডের ব্যবস্থা রাখা হয়েছে। এত কম সংখ্যক বেড হওয়ার কারণ জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, জায়গা স্বল্পতার কারণে অবশিষ্ট বেডের ব্যবস্থা করা সম্ভব হয়নি।</p> <p>(৩) আর্থিক অগ্রগতি: ভবন নির্মাণের জন্য ডিপিপি 'র সংস্থান ৯৯৩.৩৪ লক্ষ টাকা। কার্যাদেশকৃত চূ জিমূল্য ৯৯৩.২৯ লক্ষ টাকা। এখানে সর্বমোট ব্যয় হয়েছে ১০৬১.৩৯ লক্ষ টাকা। ভনটির নির্মাণ কাজ সমাপ্ত করতে নন টেন্ডার আইটেমসমূহ বাবদ ৪.১৭ লক্ষ টাকা এবং চুক্তিভুক্ত আইটেমের অতিরিক্ত ৬৩.৯৩ লক্ষ টাকাসহ মোট ৬৮.১০ লক্ষ টাকা ভেরিয়েশন হয়েছে যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। অর্থাৎ ডিপিপি'র সংস্থান অপেক্ষা ৬৮.১০ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে।</p> <p>(৪) বাস্তব অগ্রগতি: নির্মিত ভবনটির বাস্তব অগ্রগতি ১০০% হলেও পরিদর্শনের সময় দেখা যায় যে, ভবনটিতে বৈদ্যুতিক ফ্যান সরবরাহ ও স্থাপন করা হয়নি। এছাড়া বাহ্যিক দৃষ্টিতে ভবনটির কাজের মান সন্তোষজনক মনে হয়েছে।</p>
(খ) Superstructure			
* Ground Floor (Basement)	৮৬৩.৯৯ স্ক:মি:	৭৯.৯৪	
* Ground Floor	৮৬৩.৯৯ স্ক:মি:	১২৪.১২	
* 1 st Floor	৮৬৩.৯৯ স্ক:মি:	১১৮.৭৯	
* 2 nd Floor	৮৬৩.৯৯ স্ক:মি:	১১৯.০৪	
* 3 rd Floor (Chilakotha)	৪৬.৪৫ স্ক:মি:	৬.৪১	
উপমোট:	৩৫০২.৪১ স্ক:মি:	৪৪৮.৩০	
(গ) Adittional Superstructure			
* wind and earth quake load resisting	৮৬৩.৯৯ স্ক:মি:	১১.৫৬	
* Roof top & Chilakotha/Loft	১৩১.৫৪ স্ক:মি:	২.৩৭	
* Roof top RCC Parapet	৫০০০ গ্যালন	৫.০০	
* Roof top RCC water tank			
উপমোট:		২৭.৮৯	
(ঘ) Other Building cost			
● ইন্টারনাল স্যানিটারি এন্ড ওয়াটার সাপ্লাই	৩৪৫৫.৯৬ স্ক:মি:	২৯.৩৭	
● ইন্টারনাল ইলেক্ট্রিফিকেশন	৩৪৫৫.৯৬ স্ক:মি:	৪১.৪৭	
● গ্যাস কানেকশান	৩৪৫৫.৯৬ স্ক:মি:	৬.০৫	
● ব্রিক ফেচিং ওয়ার্ক	১৮৮০৪.৪৮ Cft	৩৪.৮২	
উপমোট:		১১১.৭১	
মোট (ক+খ+গ+ঘ)=		৯৯৩.৩৪	

১১.৩ নির্মাণ প্যাকেজটির অবশিষ্ট কার্যক্রমসমূহ বাস্তবায়ন

- (ক) ১০০০ কেভিএ সাব-স্টেশন বিল্ডিং নির্মাণ: সাব-স্টেশন বিল্ডিং নির্মাণ বাবদ ২৫.০০ লক্ষ টাকার সংস্থান ছিল। পর্যাপ্ত জায়গা না থাকায় মূল ভবনটির গ্রাউন্ড ফ্লোরের এক কোণে খুবই ছোট পরিসরে করা হয়েছে। এখানে ব্যয় হয়েছে ৬.৫০ লক্ষ টাকা।
- (খ) আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার (২০০০০ গ্যালন) এবং রেইন ওয়াটার হার্ভেস্টিং: ডিপিপি'র সংস্থানকৃত ৪০.০০ লক্ষ টাকা ব্যয়ে ২০০০০ গ্যালন এর পরিবর্তে প্রয়োজনীয় পাইপ লাইনসহ ১০০০০ গ্যালন ধারণ ক্ষমতা বিশিষ্ট আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার নির্মাণ করা হলেও রেইন ওয়াটার হার্ভেস্টিং এর কাজ করা হয়নি। আন্ডারগ্রাউন্ড

ওয়াটার রিজার্ভার নির্মাণ বাবদ ব্যয় হয়েছে ৯.৯৭ লক্ষ টাকা।

- (গ) **বহি: বৈদ্যুতিকরণ:** ১০০০ কেভিএ সাব-স্টেশন, ট্রান্সফরমার, H.T/L.T switch gear, PFJ, H.T/L.T ফিডার ক্যাবল ইত্যাদি বাবদ ডিপিপি 'র সংস্থান ছিল ১৪০.০০ লক্ষ টাকা। প্রকৃতগক্ষে ৮০০ কেভিএ সাব-স্টেশন ইকুইপমেন্ট ক্রয় করা হয়েছে। এছাড়া ডিপিপিতে ৩০০ কেভিএ বৈদ্যুতিক জেনারেটর এবং অন্যান্য সরঞ্জাম ক্রয়ের সংস্থান থাকলেও বাস্তবে ৩০০ কেভিএ ডিজেল জেনারেটর ক্রয় করা হয়েছে। অন্যদিকে ৩.৮৯ লক্ষ টাকায় 10 HP centrifugal pump motor ২টির স্থলে ৩.৭৯ লক্ষ টাকা ব্যয়ে ১টি ক্রয় করা হয়েছে। এসকল যন্ত্রপাতি মূলত: সাব-স্টেশন ভবনে আংশিক এবং মূল ভবনের বেজমেন্ট ফ্লোর এর এক কোণায় বেশ কিছুটা জায়গা নিয়ে স্থাপন করা হয়েছে।
- (ঘ) **Split type AC & accessories (50 Ton):** এখানে সংস্থানকৃত ৩৫.০০ লক্ষ টাকার মধ্যে ব্যয় হয়েছে ৩৪.৯৩ লক্ষ টাকা। মূল্য বৃদ্ধির কারণে সংস্থানকৃত অর্থে ১৬টি এসি (আনুমানিক ৩২ টন) ক্রয় করা সম্ভব হয়েছে।
- (ঙ) **লিফ্ট (বেড/প্যাসেন্জার)-২টি:** এখানে সংস্থানকৃত ৮০.০০ লক্ষ টাকার বিপরীতে ৭২.০০ লক্ষ টাকায় ২টি লিফ্ট স্থাপন করা হয়েছে।
- (চ) **অন্যান্য:** বহি: পানি সরবরাহকরণ, ল্যান্ডস্কেপিং, কম্পাউন্ড ড্রেন, আরবরিকালচার, এক্সটারনাল তিতাস গ্যাস কানেকশন ও সড়ক নির্মাণের কাজ ১০০% সম্পন্ন হয়েছে।
- (ছ) **যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম:** এখানে সংস্থানকৃত ৫৬৩.৯০ লক্ষ টাকার মধ্যে জিওবি অর্থ ৭৮.৩০ লক্ষ এবং টাকা শিশু হাসপাতালের নিজস্ব অর্থ ৪৮৫.৬০ লক্ষ টাকা। জিওবি অর্থে ৫টি যন্ত্রপাতি ক্রয়ের সংস্থান ছিল যা ক্রয় করা সম্ভব হলেও মূলত: যন্ত্রপাতির মূল্য বৃদ্ধির ফলে শিশু হাসপাতালের সংস্থানকৃত অর্থে অনুমোদিত সকল যন্ত্রপাতি ক্রয় করা সম্ভব হয়নি। যেমন-সিটি স্ক্যান-১টি, লেমিনার ফ্লো-২টি, পোর্টেবল আলট্রাসোনোগ্রাম মেশিন-১টি, আলট্রাসোনোগ্রাম মেশিন-১টি, এ্যাম্বুলেন্স-১টি, ল্যাপটপ-১টি, টেলিভিশন-৫টি, সোফাসেট-৫টি, কনফারেন্স টেবিল-১টি, চেয়ার-২৪টি।
- (জ) **ক্যাপসুল লিফ্ট (১টি):** সংস্থানকৃত জিওবি ৫০.০০ লক্ষ টাকায় ১টি ক্যাপসুল লিফ্ট ক্রয়ের সংস্থান থাকলেও মূলত : ৯ম তলা পর্যন্ত ভবন নির্মাণ সম্পূর্ণ না হওয়া পর্যন্ত স্থাপন করা সম্ভব নয় বিধায় ক্যাপসুল লিফ্ট ক্রয় করা হয়নি। এখানে কোন অর্থ ব্যয় হয়নি।

১২। প্রকল্পের সার্বিক অগ্রগতি:

প্রকল্পটির শুরু হতে সমাপ্তি পর্যন্ত ডিপিপি'র সংস্থানকৃত ২৩৭৫.১৬ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২১৫২.২৯ লক্ষ টাকা (জিওবি ১২৪৩.৫৩ লক্ষ এবং টাকা শিশু হাসপাতালের নিজস্ব অর্থ ৯০৮.৭৬ লক্ষ), যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯০.৬২% এবং বাস্তব অগ্রগতি ৯৬%। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত এডিপি বরাদ্দ			অর্থছাড় (জিওবি)	ব্যয়			সমর্পণকৃত অর্থ (টাকা)
	মোট	টাকা	*DSH		মোট	টাকা	*DSH	
(২)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১০-২০১১	৮.৫৬	৫.০০	৩.৫৬	৫.০০	৮.৫৬	৫.০০	৩.৫৬	-
২০১১-২০১২	৫১০.২০	৫০০.০০	১০.২০	৫০০.০০	১৬০.২০	১৫০.০০	১০.২০	জিওবি ৩৫০.০০ লক্ষ টাকা
২০১২-২০১৩	১০১৫.০০	২৫০.০০	৭৬৫.০০	২৫০.০০	১০১৫.০০	২৫০.০০	৭৬৫.০০	-
২০১৩-২০১৪	৯৮০.০০	৮৫০.০০	১৩০.০০	৮৫০.০০	৯২৯.০০	৭৯৯.০০	১৩০.০০	জিওবি ৫১.০০ লক্ষ টাকা

অর্থবছর	সংশোধিত এডিপি বরাদ্দ			অর্থছাড় (জিওবি)	ব্যয়			সমর্পণকৃত অর্থ (টাকা)
	মোট	টাকা	*DSH		মোট	টাকা	*DSH	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
							০	
২০১৪-২০১৫	৪০.০০	৪০.০০	-	৪০.০০	৪০.০০	৪০.০০	-	-
মোট:	২৫৫৩.৭৬	১৬৪৫.০০	৯০৮.৭৬	১৬৪৫.০০	২১৫২.৭৬	১২৪৪.০০	৯০৮.৭৬	জিওবি ৪০১.০০ লক্ষ টাকা

তথ্য সূত্র: পিসিআর অনুযায়ী

*DSH (ঢাকা শিশু হাসপিটাল)

উপরের সারণী হতে দেখা যায় যে, প্রকল্পটির পুরো মেয়াদে সংশোধিত এডিপি বরাদ্দ ছিল জিওবি'র ১৬৪৫.০০ লক্ষ টাকা এবং অবমুক্তকৃত অর্থের পরিমাণ ও ১৬৪৫.০০ লক্ষ টাকা। অবমুক্তকৃত অর্থ হতে ১২৪৪.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। ছাড়কৃত অব্যয়িত অর্থের পরিমাণ ৪০১.০০ লক্ষ টাকা। বর্ণিত তথ্যাদি এবং প্রকল্প কার্যালয় হতে পরিদর্শনের সময় প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণে বেশ কিছু অসামঞ্জস্যতা পরিলক্ষিত হয়েছে, যা নিম্নরূপ:

২০১১-২০১২ অর্থবছর:

(১) ২০১১-২০১২ অর্থবছরে ১ম ও ২য় কোয়ার্টারে জিওবি অর্থ ৫০০.০০ লক্ষ টাকা নির্মাণ কাজের জন্য অবমুক্তসহ গণপূর্ত অধিদপ্তর এর নিকট ন্যস্ত করা হয়। উক্ত ৫০০.০০ লক্ষ টাকার মধ্যে ১৫০.০০ লক্ষ টাকা ব্যয় হয় এবং অবশিষ্ট অব্যয়িত ৩৫০.০০ লক্ষ টাকা গণপূর্ত অধিদপ্তরের স্মারক নং -১৭০১, তারিখ: ২৮/০৬/২০১২ মোতাবেক “প্রকল্প পরিচালক” বরাবরে সমর্পণ করা হয়। কিন্তু প্রকল্প পরিচালক কর্তৃক উক্ত অর্থ সমর্পণ করা হয়েছে কিনা সে সংক্রান্ত কোন প্রতীতি পাওয়া যায়নি। বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এর নিকট থেকে সন্তোষজনক কোন উত্তর বা তথ্য পাওয়া যায়নি।

(২) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টর কর্মসূচীর (কোড নং ৬০০০) অধীন আলোচ্য প্রকল্পের (কোড নং ৫-২৭১১-৫০২০) অনুকূলে ২০১১-২০১২ অর্থবছরে ১ম ও ২য় কিস্তি বাবদ ৫০০.০০ লক্ষ টাকা অর্থছাড় করা হয়। এক্ষেত্রে ২০১১-২০১২ অর্থবছরে “সেক্টর কর্মসূচী হতে অর্থছাড়” এবং প্রকল্পের অনুকূলে এডিপি'র বরাদ্দকৃত অর্থ হতে একই অর্থবছরের ১ম ও ২য় কিস্তি বাবদ অর্থছাড়ের বিষয়টি দ্বৈততা হিসেবে পরিলক্ষিত হয়েছে।

১৩। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** অনুমোদিত প্রকল্পটির শুরু থেকে শেষ পর্যন্ত প্রকল্প পরিচালকের দায়িত্বে (প্রেষণে) থাকা কর্মকর্তাদের নাম ও পদবী, যোগদানের তারিখ ও বদলীর তারিখ নিম্নে দেওয়া হলো:

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
অধ্যাপক মঞ্জুর হোসাইন	-	খন্ডকালীন	০৮/০৩/২০১১	০৫/০৮/২০১২
অধ্যাপক ডা: মো: আব্দুল আজিজ	-	খন্ডকালীন	০৬/০৮/২০১২	সমাপ্তি পর্যন্ত

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
(ক)	শিশু হাসপাতালের সেবা সক্ষমতা বৃদ্ধি করা;	(ক)	প্রকল্পটি বাস্তবায়নের ফলে শিশু হাসপাতালের সেবা সক্ষমতা বৃদ্ধি পেয়েছে;
(খ)	শিশু হাসপাতালের বহি:বিভাগে আগত রুগীদের চিকিৎসা সুবিধা প্রদানের জন্য বহি:বিভাগের সক্ষমতা বৃদ্ধি করা;	(খ)	বহি:বিভাগে আগত রুগীদের চিকিৎসা সুবিধা প্রদানের জন্য বহি:বিভাগের সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে;
(গ)	এ হাসপাতালে শিশু হৃদরোগ (Child Cardiology) বিভাগ-কে ৩০ বেডে উন্নীতকরণ করে নতুন বিভাগ চালু করা (২০টি মেডিসিন বেড, ৫টি আইসিইউ বেড এবং ৫টি সার্জারী বেড); এবং	(গ)	নির্মিত ভবনে শিশু হৃদরোগ (Child Cardiology) বিভাগ-কে ৩০ বেডের বিপরীতে ১৪ বেডের সংস্থান করায় প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য শতভাগ অর্জন সম্ভব হয়নি; এবং

(ঘ)	প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ ইনস্টিটিউট অব চাইল্ড হেলথ এর বিভিন্ন প্রকার অন দ্য জব প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধি করা।	(ঘ)	প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ ইনস্টিটিউট অব চাইল্ড হেলথ এর বিভিন্ন প্রকার অন দ্য জব প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধি করা সম্ভব হবে।
-----	---	-----	---

১৫। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:** প্রকল্পের মূল উদ্দেশ্য শতভাগ অর্জন সম্ভব হয়নি। কেননা বাস্তব কাজের পরিমাণ ও পরিমাপ কমানো এবং স্থাপত্য নকশা পরিবর্তন করায় শয্যা সংখ্যা ৩০টির বিপরীতে ১৪টি করা, ৫০ টন Split type Air Conditioner ও Solar System স্থাপন না করা, গ্র্যান্ডুলেপ্স -১টি, সিটি স্ক্যান-১টি, লেমিনার ফ্লো -২টি, পোর্টেবল আলট্রাসোনোগ্রাম মেশিন -১টি, আলট্রাসোনোগ্রাম মেশিন -১টি, ল্যাপটপ-১টি, টেলিভিশন-৫টি, সোফাসেট-৫টি, কনফারেন্স টেবিল-১টি, চেয়ার-২৪টি ক্রয় না করা। এ সকল বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, জায়গা স্বল্পতার কারণে শয্যা সংখ্যা কম হয়েছে এবং ভবিষ্যতে ভবনটি উর্ধ্বমুখী সম্প্রসারণ করার পরিকল্পনা থাকায় ৫০ টন Split type Air Conditioner ও Solar System স্থাপন করা হয়নি। যন্ত্রপাতির মূল্য বৃদ্ধির ফলে অনুমোদিত সকল যন্ত্রপাতি ক্রয় করা সম্ভব হয়নি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে গ্র্যান্ডুলেপ্স ক্রয়ের জন্য সংস্থানকৃত অর্থ যন্ত্রপাতি খাতে ব্যবহৃত হয়েছে।

১৬। **প্রকল্প বাস্তবায়ন সমস্যা:**

১৬.১ **ডিপিপি'র অনুমোদিত সংস্থান ও চুক্তিমূল্য অপেক্ষা অতিরিক্ত অর্থ ব্যয় করলে** ভৌত নির্মাণ প্যাকেজটির সর্বমোট মূল্য ছিল ১৪২৪.২৩ লক্ষ টাকা যার মধ্যে মূল ভবন নির্মাণ বাবদ ৯৯৩.৩৪ লক্ষ টাকা এবং সাব-স্টেশন ভবন, আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার, বৃষ্টির পানি সংরক্ষণ, সোলার প্যানেল সিস্টেম, এক্সটারনাল ওয়াটার সাপ্লাই ও বৈদ্যুতিকরণ, তিতাস গ্যাস কানেকশন, সড়ক, আরবরিকালচার, ল্যান্ডস্কেপিং ইত্যাদি বাবদ ৪৩০.৬৪ লক্ষ টাকা। বাস্তবায়ন পর্যায়ে ক্রয় কার্যক্রম বিভক্ত (split up) করে মূল ভবন নির্মাণের জন্য কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশকৃত চুক্তিমূল্য ৯৯৩.২৯ লক্ষ টাকা। ভবন নির্মাণে সর্বমোট ব্যয় হয়েছে ১০৬১.৩৯ লক্ষ টাকা। এক্ষেত্রে ভবনটির নির্মাণ কাজ সমাপ্ত করতে নন টেন্ডার আইটেমসমূহ বাবদ ৪.১৭ লক্ষ টাকা এবং চুক্তিভুক্ত আইটেমের অতিরিক্ত ৬৩.৯৩ লক্ষ টাকাসহ মোট ৬৮.১০ লক্ষ টাকা ডেরিয়েশন হয়েছে। অর্থাৎ ডিপিপি'র সংস্থান অপেক্ষা ৬৮.১০ লক্ষ টাকা বেশী হয়েছে। এ অতিরিক্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন পর্যায়ের অনুমোদন এবং কোন খাত থেকে কিভাবে সমন্বয় করা হয়েছে তা স্পষ্ট নয়।

১৬.২ **যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে এক অংশের অর্থ অন্য অংশে অর্থ ব্যয় করা:** ভৌত নির্মাণ প্যাকেজটির আওতায় অন্তর্ভুক্ত Solar System স্থাপন, Rain water harvesting ও পাম্প হাউজ নির্মাণ উপ-খাতে কোন বাস্তব কাজ ও অর্থ ব্যয় হয়নি। এছাড়া কয়েকটি উপাঙ্গের অর্থ সম্পূর্ণ প্রয়োজন না হওয়ায় সাশ্রয়কৃত অর্থ অন্য উপাঙ্গে ব্যয় করা হয়েছে। যেমন- সাব-স্টেশন ভবন নির্মাণ, সড়ক নির্মাণ, ল্যান্ডস্কেপিং, আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার নির্মাণ, লিফট স্থাপন ইত্যাদি। এছাড়া গ্র্যান্ডুলেপ্স ক্রয়ের জন্য সংস্থানকৃত অর্থ দিয়ে যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে এক অংশের অর্থ অন্য অংশে ব্যয় করা হয়েছে যা আর্থিক শৃঙ্খলা পরিপন্থী।

১৬.৩ **অনুমোদিত সংস্থান অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়ন না করায় ভবিষ্যত পরিকল্পনায় বিঘ্ন ঘটানোর আশঙ্কা:** প্রকল্পটির ১ম পর্যায়ে বেজমেন্ট +৯ তলা (প্রতি ফ্লোরে ৯৩০০ বর্গফুট) ফাউন্ডেশন বিশিষ্ট ৩ তলা পর্যন্ত ভবন নির্মাণ করা। ভবনটির অনুমোদিত ভিতসহ পরিধি ও পরিমাপ কমানো ও স্থাপত্য নকশা পরিবর্তন করা, জায়গা স্বল্পতার কারণে ছোট পরিসরে আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার ও সাব-স্টেশন ভবন নির্মাণ করা, ১০০০ কেভিএ সাব-স্টেশন যন্ত্রপাতির স্থলে ৮০০ কেভিএ যন্ত্রপাতি স্থাপন করা, পাম্প মটর ২টির স্থলে ১টি ক্রয় করা হয়েছে। ভবনের ভিতসহ পরিধি কমানো ও স্থাপত্য নকশা পরিবর্তন পরিবর্তসহ গুরুত্বপূর্ণ এ উপাঙ্গ গুলি যথাযথভাবে বাস্তবায়ন না করায় ভবিষ্যত পরিকল্পনা অনেকটা বিঘ্ন ঘটানোর সম্ভাবনা রয়েছে।

- ১৬.৪ ছাড়কৃত অতিরিক্ত অর্থ বিধি মোতাবেক সরকারি কোষাগারে জমা না দেয়া : ২০১১-২০১২ অর্থবছরে ১ম ও ২য় কোয়ার্টারে জিওবি অর্থ ৫০০.০০ লক্ষ টাকা নির্মাণ কাজের জন্য অবমুক্তসহ গণপূর্ত অধিদপ্তর এর নিকট ন্যস্ত করা হয়। উক্ত ৫০০.০০ লক্ষ টাকার মধ্যে ১৫০.০০ লক্ষ টাকা ব্যয় হয় এবং অবশিষ্ট অব্যয়িত ৩৫০.০০ লক্ষ টাকা গণপূর্ত অধিদপ্তরের স্মারক নং-১৭০১, তারিখ: ২৮/০৬/২০১২ মোতাবেক “প্রকল্প পরিচালক” বরাবরে সমর্পণ করা হয়। কিন্তু প্রকল্প পরিচালক কর্তৃক উক্ত অর্থ সমর্পণ করা হয়েছে কিনা সে সংক্রান্ত কোন পত্রাদি পাওয়া যায়নি। বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এর নিকট থেকে সন্তোষজনক কোন উত্তর বা তথ্য পাওয়া যায়নি বিধায় উক্ত অর্থ সমর্পণ করা হয়নি মর্মে প্রতীয়মান হয়।
- ১৬.৫ চলমান প্রকল্পের অনুকূলে ভবনটির নির্মাণ কাজের জন্য সেক্টর কর্মসূচী হতে বরাদ্দ প্রদান: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টর কর্ম সূচীর (কোড নং ৬০০০) অধীন আলোচ্য প্রকল্পের (কোড নং ৫-২৭১১-৫০২০) অনুকূলে ২০১১-২০১২ অর্থবছরে ১ম ও ২য় কিস্তি বাবদ ৫০০.০০ লক্ষ টাকা অর্থছাড় করা হয়। এক্ষেত্রে ২০১১-২০১২ অর্থবছরে “সেক্টর কর্মসূচী হতে অর্থছাড় ” এবং প্রকল্পের অনুকূলে এডিপি ’র বরাদ্দকৃত অর্থ হতে একই অর্থবছরের ১ম ও ২য় কিস্তি বাবদ অর্থছাড়ের বিষয়টি দ্বৈততা হিসেবে পরিলক্ষিত হয়েছে।
- ১৬.৬ বৈদ্যুতিক ফ্যান সরবরাহ ও স্থাপন না করা: নির্মিত ভবনটির সকল কাজ সম্পন্ন হলেও পরিদর্শনকালী সময় পর্যন্ত বৈদ্যুতিক ফ্যান সরবরাহ ও স্থাপন করা হয়নি। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে , স্পেসিফিকেশন অনুযায়ী বৈদ্যুতিক ফ্যান সরবরাহ না করা তা ফেরত দেয়া হয়। এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় প্রকৌশলী জানান যে, আগামী এক সপ্তাহের মধ্যে বৈদ্যুতিক ফ্যান স্থাপনের কাজ সমাপ্ত করা হবে।
- ১৬.৭ হাসপাতাল ভবনটি যথাযথভাবে হস্তান্তর না করা: প্রকল্পটির বাস্তবায়ন কাজ ডিসেম্বর ২০১৪-এ সমাপ্ত হলেও অদ্যাবধি ভবনটি হস্তান্তর করা হয়নি। জরুরীভিত্তিতে আনুষ্ঠানিকভাবে হাসপাতাল ভবনের হস্তান্তর সম্পন্ন করা প্রয়োজন।
- ১৭। সুপারিশ:
- ১৭.১ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে ডিপিপি’র সংস্থান ও চুক্তিমূল্য অপেক্ষা অতিরিক্ত অর্থ ব্যয় করা, কতিপয় উপাঞ্জের বাস্তবায়ন না করে সংস্থানকৃত অর্থ এবং কতিপয় উপাঞ্জের সাশ্রয়কৃত অর্থ অন্য খাতে ব্যয়ের বিষয়টি পরিকল্পনা শৃঙ্খলার ব্যত্যয়। এ সকল বিষয়ে মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং গৃহীত কার্যক্রম সম্পর্কে আইএমইডি’কে অবহিত করবে (অনুচ্ছেদ-১৬.১ ও ১৬.২);
- ১৭.২ ভবনটির অনুমোদিত আয়তন কমানো ও নকশা পরিবর্তন করা , জায়গা স্বল্পতার কারণে ছোট পরিসরে আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার ও সাব -স্টেশন ভবন নির্মাণ করা , ১০০০ কেভিএ সাব -স্টেশন যন্ত্রপাতির স্থলে ৮০০ কেভিএ যন্ত্রপাতি স্থাপন করা , পাম্প মটর ২টির স্থলে ১টি ক্রয় করা হয়েছে। আয়তন ও নকশা পরিবর্তনসহ গুরুত্বপূর্ণ এ উপাঞ্জগুলি যথাযথভাবে বাস্তবায়ন না করার বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে এবং আইএমইডিকে তা অবহিত করবে (অনুচ্ছেদ-১৬.৩);
- ১৭.৩ ২০১১-২০১২ এবং ২০১৩-২০১৪ অর্থবছরে অব্যয়িত অর্থ সমর্পণ সংক্রান্ত তথ্যাদির মধ্যে যথেষ্ট গড়মিল পরিলক্ষিত হয়েছে বিধায় জমাদান সংক্রান্ত বার্ষিক রিকন সিলিয়েশন সংশ্লিষ্ট মন্ত্রণালয় নিশ্চিত করবে এবং আইএমইডিকে তা অবহিত করবে (অনুচ্ছেদ ১৬.৪);
- ১৭.৪ ২০১১-২০১২ অর্থবছরে “এক্সটেনশন অব ঢাকা শিশু হাসপাতাল ” শীর্ষক প্রকল্পের (কোড নং ৫-২৭১১-৫০২০) কার্যক্রম বাস্তবায়নের জন্য সেক্টর কর্মসূচী হতে একই কোয়ার্টারসমূহে বরাদ্দ ও অর্থছাড় করার বিষয়টি স্পষ্ট নয়। ভবন নির্মাণ কাজের জন্য সেক্টর কর্মসূচী হতে অর্থছাড় করা সমীচীন হয়নি। সেক্টর কর্মসূচী হতে অর্থছাড়ের বিষয়ে মন্ত্রণালয় যথাযথ ব্যাখ্যাসহ যৌক্তিকতা প্রদান করবে (অনুচ্ছেদ ১৬.৫);
- ১৭.৫ জরুরীভিত্তিতে নির্মিত ভবনে বৈদ্যুতিক ফ্যান সরবরাহ ও স্থাপন কাজ সম্পন্ন করতে হবে (অনুচ্ছেদ-১৬.৬; এবং
- ১৭.৬ নির্মাণ সংস্থা ও হাসপাতাল কর্তৃপক্ষ ভবনসমূহের হস্তান্তর প্রক্রিয়ার বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১৬.৭);

**শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন(২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের
সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

সমাপ্তি: জুন ২০১৫

- ১। প্রকল্পের নাম : শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন (২য় সংশোধিত)।
 ২। প্রকল্পের অবস্থান : গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ
 ৩। বাস্তবায়নকারী সংস্থা : স্বাস্থ্য অধিদপ্তর
 ৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
 ৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১৪১৩১.৪৪	১৮২৮৯.২৯	১৭৭৫০.২১	মে, ২০১০ হতে জুন, ২০১৩ (৩৪ মাস)	মে, ২০১০ হতে জুন, ২০১৫ (৫৬ মাস)	মে, ২০১০ হতে জুন, ২০১৫ (৫৬ মাস)	৩৬১৮.৭৭ (২৫.৬১%)	২২ মাস (৬৪.৭০%)

- ৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রাপ্ত পিসিআর-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ক) রাজস্ব ব্যয়:					
১	কর্মকর্তাদের বেতন	সংখ্যা	২ জন	-	২ জন	-
২	কর্মচারীদের বেতন	সংখ্যা	৪ জন	-	৪ জন	-
৩	ভাতাদি	সংখ্যা	৬ জন	-	৬ জন	-
৪	সাপ্লাই এন্ড সার্ভিসেস	থোক	থোক	৪০৪.০৫০	থোক	৩২৯.৯২৩
	ভ্রমণ ব্যয়	থোক	থোক	৪.৫০০	থোক	৪.৪৫৬
	পোস্টাল	থোক	থোক	০.১০০	থোক	-
	টেলিফোন/টেলিগ্রাফ/টেলিপ্রিন্টার	থোক	থোক	০.৭৮০	থোক	০.৬৮৯
	রেজিস্ট্রেশন ফি	থোক	থোক	২.০০০	থোক	০.৭৬৪
	পানি বিল	থোক	থোক	০.২০০	থোক	-
	বিদ্যুৎ বিল	থোক	থোক	০.১০০	থোক	-
	গ্যাস ও জ্বালানী	থোক	থোক	২১.০০০	থোক	২০.৭৩০
	পেট্রোল ও লুব্রিক্যান্ট	থোক	থোক	০.০৩০	থোক	০.০২৮
	প্রকাশনা/গবেষণা	থোক	থোক	৫.০০০	থোক	৪.৩১৩
	স্ট্যাশনারী, সীল ও স্ট্যাম্প	থোক	থোক	২৩.০০০	থোক	১২.৪৪৩
	বই ও পিরিওডিক্যাল	থোক	থোক	৫.০০০	থোক	৫.০০০
	প্রচার ও প্রচারনা	থোক	থোক	১.৫০০	থোক	১.৪৪৫
	আপ্যায়ন	থোক	থোক	০.২০০	থোক	০.২০০
	কনজিউম্যাবল ক্রয়	থোক	থোক	৪০.০০০	থোক	৩৬.১২৮
	এমএসআর	থোক	থোক	২১৬.৮৪০	থোক	১৬১.৪৪২
	পরিচ্ছন্নতা	থোক	থোক	১৫.০০০	থোক	১৩.৮৫০
	সম্মানী	থোক	থোক	০.৮০০	থোক	০.৬১০
	কম্পিউটার কনজিউমিবল	থোক	থোক	৮.০০০	থোক	৭.৯৯৫
	অন্যান্য ব্যয়	থোক	থোক	৬০.০০০	থোক	৫৯.৮৩০
৫	মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	থোক	৪.৫০০	থোক	৩.৫০৭
	মোটর গাড়ি মেরামত	থোক	থোক	২.৫০০	থোক	২.২৬২
	কম্পিউটার ও যন্ত্রপাতি মেরামত	থোক	থোক	১.০০০	থোক	০.৯৮৮
	অন্যান্য মেরামত ও সংরক্ষণ	থোক	থোক	১.০০০	থোক	০.২৫৭
	উপ-মোট (ক):			৪০৮.৫৫০		৩৩৩.৪৩০
	(খ) মূলধন ব্যয়:					

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৬	যানবাহন (জীপ-১টি, এ্যাম্বুলেন্স-১টি ও মাইক্রোবাস-১টি)	সংখ্যা	৩টি	১৪০.০০০	৩টি	১৩৬.৮৩০
৭	মেডিকেল যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম	থোক	থোক	২,৬২৩.৭৫০	থোক	২,৬২০.১৯ ০
৮	ফার্নিচার এন্ড ফিক্সারস্	থোক	থোক	২৬০.০০০	থোক	২৫৯.৬৬০
৯	টেলিকমিউনিকেশন যন্ত্রপাতি	থোক	থোক	০.৩০০	থোক	০.২৫০
১০	জমি অধিগ্রহণ	একর	১৫ একর	৪৭০.০০০	১৫ একর	৪৭০.০০০
১১	অবকাঠামো নির্মাণ	স্কয়ার মিটার	৬২৩৬৪.৭৩	১৪,৩৮৬.৬৯০	৬২৩৬৪.৭৩	১৩,৯২৯.৮ ৫০
	উপ-মোট (খ):			১৭,৮৮০.৭৪০		১৭,৪১৬.৭ ৮০
	(গ) ফিজিক্যাল কন্টিনজেন্সী	থোক	থোক	-	থোক	-
	(ঘ) প্রাইস কন্টিনজেন্সী	থোক	থোক	-	থোক	-
	মোট (ক+খ+গ+ঘ):			১৮,২৮৯.২৯০		১৭,৭৫০. ২১০

তথ্য সূত্র: পিসিআর অনুযায়ী

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রাপ্ত পিসিআর অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে কোন কাজ অসমাপ্ত নেই।

৮। **সাধারণ পর্যবেক্ষণ:**

৮.১ **পটভূমি:** গোপালগঞ্জ ও সন্নিকট যশোর, বাগেরহাট, নড়াইল, মাদারীপুর, ফরিদপুর এবং পিরোজপুর জেলার জনগণকে চক্ষু চিকিৎসা সে বা দেয়ার লক্ষ্যে ১৯৯৯ সালে গোপালগঞ্জ সদর হাসপাতালে সীমিত সুবিধাদি নিয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সহধর্মিনী প্রয়াত বেগম ফজিলাতুন্নেছা মুজিব নামে একটি চক্ষু সেবা কেন্দ্র স্থাপন করা হয়। সাইট সেভা র ইন্টারন্যাশনাল নামে যুক্তরাজ্যভিত্তিক একটি দাতব্য স্বেচ্ছাসেবী সংস্থা এ প্রতিষ্ঠানটি পরিচালনা করছিল। কিন্তু ২০০০ সালের দিকে এ প্রতিষ্ঠানটির কার্যক্রম বন্ধ হয়ে যায়। পরবর্তীতে গোপালগঞ্জ জেলা এবং এর নিকটবর্তী এলাকার জনগণকে প্রয়োজনীয় চক্ষুসেবা দেয়ার লক্ষ্যে ১০০ শয্যা বিশিষ্ট “বেগম ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, গোপালগঞ্জ” স্থাপনের নিমিত্ত আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮.২ **প্রকল্পের উদ্দেশ্য:**

- প্রান্তিক পর্যায়ে স্বাস্থ্য সেবা পৌঁছে দেবার জন্য একটি ১০০ শয্যা বিশিষ্ট বিশেষায়িত চক্ষু হাসপাতাল ও ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা;
- নার্স প্যারামেডিকেল এবং ডাক্তারদের স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নের ব্যবস্থা করা ;
- চক্ষু সংক্রান্ত রোগের বিষয়ে গবেষণা পরিচালনা ও সংগঠিত করা;
- চক্ষু বিষয়ক বিশেষায়িত সেবা সার্বজনীন করা;
- চক্ষু সেবায় গুণগতমান সহজপ্রাপ্যতা নিশ্চিতকরণ করে শহরে প্রতি স্থিত চক্ষু হাসপাতালগুলোর উপর রোগীর চাপ হ্রাসকরণ; এবং
- দূরবর্তী অঞ্চলের চিকিৎসা কেন্দ্রগুলো ও জাতীয় চক্ষু ইনস্টিটিউটের মধ্যে কার্যকর রেফারেল পদ্ধতি গড়ে তোলা।

৮.৩ **প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম :** প্রকল্পের আওতায় ১টি হাসপাতাল কাম একাডেমিক কাম প্রশাসনিক ভবন (৬ তলা ফাউন্ডেশনে ৬ তলা) সহ ২১টি ভবন নির্মাণের সংস্থান রয়েছে। আবাসিক ভবনের মধ্যে রয়েছে অফিসার্স কোয়ার্টার, স্টাফ কোয়ার্টার, স্টাফ ডরমেটরী, ডক্টরস ডরমেটরী, কাউন্সেলর ডরমেটরী, রেন্টাল হোস্টেল, স্টুডেন্ট হোস্টেল, ট্রেইনী ডরমেটরী, নার্সেস ডরমেটরী , পাম্প হাউজ ইত্যাদি নির্মাণের সংস্থান রয়েছে। এছাড়া যানবাহন ক্রয়, যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় এ প্রকল্পের অন্যতম কাজ।

৮.৪ **প্রকল্পের অনুমোদন অবস্থা:** আলোচ্য প্রকল্পটি ১৪১৩১.৪৪ লক্ষ টাকা সম্পূর্ণ জিওবি অর্থে মে, ২০১০ হতে জুন, ২০১৩

মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১১/০৫/২০১০ তারিখে অনুষ্ঠিত একনেক বৈঠকে অনুমোদিত হয়। উল্লেখ্য, অনুমোদিত ডিপিপি অনুযায়ী মেয়াদকাল জুন, ২০১৩ পর্যন্ত থাকা সত্বেও ভুলক্রমে জুলাই, ২০১২ হতে জুন, ২০১৩ পর্যন্ত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়। পরবর্তীতে মে, ২০১০ হতে জুন, ২০১৪ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদ নির্ধারণপূর্বক ১৮৬০৫.৯৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ১ম সংশোধিত ডিপিপি ০২/০৪/২০১৩ তারিখে একনেক বৈঠকে অনুমোদন লাভ করে। অতঃপর ২৮ অক্টোবর, ২০১৩ তারিখে প্রকল্পটির আন্তঃখাত সমন্বয় করা হয় , যা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। পরবর্তীতে বাস্তবায়ন মেয়াদ জুন ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করে গত ০৭/০৬/২০১৫ তারিখে ২য় সংশোধিত ডিপিপি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৯। **ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন :** প্রকল্পটির আওতায় “পণ্য” ক্রয়ের ক্ষেত্রে প্রকল্প কর্তৃপক্ষ /বাস্তবায়নকারী সংস্থা স্বাস্থ্য অধিদপ্তর এবং Action Plan অনুযায়ী ভৌত নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য “কার্য” ক্রয়ের দায়িত্ব গণপূর্ত অধিদপ্তর-এর উপর ন্যস্ত ছিল। ক্রয় সম্পর্কিত বিস্তারিত তথ্য পরিশিষ্ট-ক ও পরিশিষ্ট-খ এ দেখা যেতে পারে।

১০। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:

- (ক) সংশ্লিষ্ট প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
- (ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা; এবং
- (চ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।


পরিদর্শনকালে গৃহিত কিছু স্থিরচিত্র:



স্থিরচিত্র ১: হাসপাতাল কাম একাডেমিক ভবন



স্থিরচিত্র ২: লিফট কোরে জমে থাকা পানি



স্থিরচিত্র ৩ ও ৪: অফিসার্স কোয়ার্টার (১৫০০ ব.ফু) এর পরিচালক কর্তৃক ব্যবহৃত দু'টি ব্যবহৃত কক্ষের চিত্র



স্থিরচিত্র ৫-৮:সিনিয়র কনসালটেন্টগণের বাসভবন ও কয়েকটি ব্যবহৃত কক্ষের স্থিরচিত্র



স্থিরচিত্র ৯: রেন্টাল হোস্টেলে স্থাপিত মধুমতি ব্যাংক লিঃ শাখা


স্থিরচিত্র ১০: জুনিয়র ডক্টরদের ডরমেটরি



স্থিরচিত্র ১১ ও ১২: স্টুডেন্ট হোস্টল (মহিলা) এর বিভিন্ন স্থিরচিত্র



স্থিরচিত্র ১৩ -১৫: স্টুডেন্ট হোস্টল (মহিলা) এর অপরিষ্কৃত বাথরুম ও ক্ষতিগ্রস্ত দেয়ালের স্থিরচিত্র



স্থিরচিত্র ১৮ ও ১৯: সংগৃহীত যন্ত্রপাতির স্থিরচিত্র



স্থিরচিত্র ১৬: স্টুডেন্ট হোস্টল (পুরুষ) এর স্থিরচিত্র

স্থিরচিত্র ১৭: জুনিয়র কনসালটেন্টদের ভবনের প্রবেশপথের স্থিরচিত্র

স্থিরচিত্র ১৮: সিনিয়র ডক্টরদের ডরমেটরি

১১। **মাঠ পর্যায়ে পরিদর্শনে প্রাপ্ত তথ্যঃ** গত ২৩ ও ২৪ আগস্ট ২০১৭ তারিখে প্রকল্পটির আওতায় গোপালগঞ্জ নির্মিত চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে গোপালগঞ্জ গণপূর্ত অধিদপ্তর ও “শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ ইনিস্টিটিউট”এর সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ এবং প্রকল্প পরিচালকের প্রতিনিধি উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে ও তদপরবর্তিতে প্রকল্প পরিচালকের সাথে আলোচনায় প্রাপ্ত তথ্য ও পর্যবেক্ষণ নিম্নরূপ:

ক) জমি অধিগ্রহণ: প্রকল্পের আওতায় ১৫ একর ভূমি মোট ৪.৭০ কোটি টাকা ব্যয়ে অধিগ্রহণ করা হয়েছে। অধিগ্রহণকৃত ভূমি উন্নয়ন করা হয়েছে। ভূমি অধিগ্রহণের পর সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে।

খ) অবকাঠামো নির্মাণ কাজ: প্রকল্পটির আওতায় ২১টি ভবনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বিভিন্ন ঠিকাদার প্রতিষ্ঠানের মাধ্যমে হাসপাতাল কাম একাডেমিক কাম প্রশাসনিক ভবন সহ অন্যান্য ভবনসমূহসহ সকল নির্মাণ কার্য গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটি ৩০ জুন ২০১৫ তারিখে আনুষ্ঠানিক সমাপ্তির পর “শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ ইনিস্টিটিউট” ২০১৫ সালের আগস্ট মাসে চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম শুরু করে। পরবর্তিতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ৩০ এপ্রিল ২০১৬ তারিখে প্রতিষ্ঠানটির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। প্রকল্পটি সমাপ্ত হওয়ার ২ বছরেরও অধিক সময় অতিবাহিত হয়েছে। পরিদর্শনকালে পরিলক্ষিত উল্লেখযোগ্য বিষয়সমূহ নিম্নরূপ:

হাসপাতাল কাম একাডেমিক কাম প্রশাসনিক ভবন (১টি): হাসপাতাল কাম একাডেমিক কাম প্রশাসনিক ভবনটি (স্থিরচিত্র: ১) নির্মাণের ০২ (দুই) বছর পরও এর আনুষ্ঠানিক হস্তান্তর হয়নি। তবে সম্প্রতি উক্ত ভবনে স্থাপিত লিফট এবং হাসপাতালের জন্য স্থাপিত জেনারেটর হস্তান্তর করা হয়েছে। পরিদর্শনকালে লিফট কোরে পানি জমে (স্থিরচিত্র: ২) থাকতে দেখা গেছে। কিন্তু জমে থাকা পানির উৎস নির্ধারণ করা যায়নি।

অফিসার্স কোয়ার্টার (১৫০০ব.ফু) (১টি): পরিদর্শনকালে জানা যায় যে, ভবনটির আনুষ্ঠানিক হস্তান্তর সম্পন্ন হয়নি। ভবনে বসবাসের জন্য ০৩টি ইউনিট রয়েছে। ভবনটির নীচতলায় হাসপাতালের পরিচালকের অনুমতিক্রমে ০১ জন ক্রিনার ও ২য় তলায় হাসপাতালের হিসাব শাখার একজন কর্মচারী অবস্থান করেন। এছাড়া হাসপাতালের পরিচালকের রান্নার জন্য নীচ তলার ইউনিটে রান্নাঘরটি ব্যবহৃত হচ্ছে। ভবনের ২য় তলা ও ৩য় তলার ইউনিটে কক্ষসমূহে হাসপাতালের জন্য ক্রয়কৃত শয্যা রয়েছে। ৩য় তলার একটি কক্ষে পরিচালক বসবাস করেন বলে জানা গেছে (স্থিরচিত্র: ৩-৪)।

অফিসার্স কোয়ার্টার (১২৫০ব.ফু) (১টি)(সিনিয়র কনসালটেন্টগণের বাসভবন): পরিদর্শনকালে দেখা, ভবনের ছাদের পানি নিষ্কাশন লাইন ময়লা জমে বন্ধ হয়ে যাওয়ায় দীর্ঘদিন পানি জমে জলছাদের কিছু অংশ নষ্ট হয়ে গেছে। ভবনটির আনুষ্ঠানিক হস্তান্তর সম্পন্ন হয়নি। এ ভবনে বসবাসের জন্য মোট ১৬টি ইউনিট রয়েছে। ভবনের নীচতলায় কয়েকজন কর্মচারী এবং অন্য ৩টি ফ্লোরে কর্মকর্তাগণ বসবাস করেন (স্থিরচিত্র: ৫-৮) | পরিদর্শনকালে, নীচতলায় বসবাসকারীগণকে রান্নার জন্য রাইসকুকার/বৈদ্যুতিক চুলা ইত্যাদি ব্যবহার করতে দেখা গেছে। হাসপাতাল চালু হওয়ার পর হতেই এসকল কর্মচারী কর্তৃক ভবনটি ব্যবহৃত হচ্ছে বলে জানা যায়। কিন্তু ভবনে স্থাপিত কমোড, বাথরুম, রান্নাঘর ইত্যাদি যন্ত্র সহকারে ব্যবহার না করায় অপরিচ্ছন্ন থাকতে দেখা গেছে। নীচতলায় সপরিবারে বসবাসকারী কয়েকজন কর্মচারী জানান, ভবনগুলো ব্যবহার উপযোগী না হওয়ায় এগুলোর হস্তান্তর প্রস্তাব কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হচ্ছে না।

অফিসার্স কোয়ার্টার (১০০০ব.ফু) (২টি): ভবনটির আনুষ্ঠানিক হস্তান্তর সম্পন্ন হয়নি। এ ভবনে বসবাসের জন্য মোট ১৬টি ইউনিট রয়েছে। ভবন দু'টি সম্পূর্ণ অব্যবহৃত রয়েছে। জুনিয়র কনসালটেন্ট ভবন-১ এর প্রবেশপথ ভবনটি (স্থিরচিত্র: ১৭) দীর্ঘদিন ব্যবহৃত না হওয়ায় এবং সাম্প্রতিক অতিবৃষ্টির কারণে যাতায়াতে অনুপযোগী হয়ে গেছে। সংস্কার ছাড়া প্রবেশপথ ব্যবহার করা সম্ভব নয় বলে হাসপাতাল কর্তৃপক্ষ জানান।

সিনিয়র স্টাফ নার্সদের কোয়ার্টার (৮০০ব.ফু)(৫টি): প্রতি ভবনে ১৬টি ইউনিট নির্মাণ করা হয়েছে। ভবনগুলো হস্তান্তর করা হয়নি এবং ব্যবহৃত হচ্ছে না। তবে ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মীদের ভবনগুলো পরিচ্ছন্ন ও পুনঃরং করতে দেখা গেছে। দীর্ঘদিন ব্যবহৃত না হওয়ায় ভবনসমূহে ময়লা জমেছে এবং কিছু কিছু স্থানে রং নষ্ট হয়েছে বলে গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি জানান। হাসপাতালের নার্সগণ জানান যে, কোয়ার্টারের বরাদ্দপত্র না পাওয়ায় তারা অনেক কষ্টে নানাভাবে বিভিন্ন স্থানে বসবাস করছেন।

স্টাফ কোয়ার্টার(৬০০ব.ফু) (১টি): ভবনটি হস্তান্তর করা হয়নি এবং ব্যবহৃত হচ্ছে না।

এসেনশিয়াল স্টাফ হোস্টেল (১টি) ভবনটি হস্তান্তর করা হয়নি এবং ব্যবহৃত হচ্ছে না।

স্টুডেন্ট হোস্টেল (মেইল) (১টি): ভবনটির(স্থিরচিত্র: ১ ৬) আনুষ্ঠানিক হস্তান্তর সম্পন্ন হয়নি এবং তবে এ ভবনের কক্ষসমূহে হাসপাতালের বিভিন্ন কর্মচারীগণ বসবাস করেন বলে জানা গেছে। ভবনে স্থাপিত কমোড, বাথরুম, রান্নাঘর ইত্যাদি যন্ত্র সহকারে ব্যবহার না করায় অপরিচ্ছন্ন থাকতে দেখা গেছে। নীচতলায় (ডানপার্শ্বে) হাসপাতালের এ্যাম্বুলেন্সের চালক সপরিবারে বসবাস করেন বলে জানা গেছে। পরিদর্শনকালে ভিতর থেকে দরজা বন্ধ থাকায় বিস্তারিত জানা সম্ভব হয়নি।

স্টুডেন্ট হোস্টেল (মহিলা)(১টি): ভবনটির (স্থিরচিত্র: ১ ১) আনুষ্ঠানিক হস্তান্তর সম্পন্ন হয়নি। ভবনের কক্ষসমূহ প্রায় একবছর যাবৎ হাসপাতালের নার্সগণ ব্যবহার করছেন বলে জানা গেছে। কোন কোন কক্ষে নার্সগণ পরিবারের অন্যান্য সদস্যসহ বসবাস করছেন। প্রায় ২৫-৩০ জন নার্স অতি কষ্টে এখানে বসবাস করছেন বলে জানান। ভবনে স্থাপিত কমোড, বাথরুম ইত্যাদি যন্ত্র সহকারে ব্যবহার না করায় অপরিচ্ছন্ন থাকতে দেখা গেছে(স্থিরচিত্র: ১২-১৫)। ভবনের বেশ কয়েকটি দেয়ালে প্লাস্টার ও রং নষ্ট হয়ে গেছে।

কাউন্সেলর ডরমেটরী (১টি): ভবনটি হস্তান্তর করা হয়নি এবং ব্যবহৃত হচ্ছে না।

সিনিয়র নার্সেস ডরমেটরী (১টি): ভবনটি হস্তান্তর করা হয়নি এবং ব্যবহৃত হচ্ছে না। তবে সম্প্রতি ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মীদের ভবনগুলো পরিচ্ছন্ন করে পুনঃ রং করছেন।

ডক্টরস ডরমেটরী (সিনিয়র ৩ তলা/ জুনিয়র ৪ তলা) (২টি): ভবনটি হস্তান্তর করা হয়নি এবং ব্যবহৃত হচ্ছে না। উল্লেখ্য প্রায় ৩(তিন) মাস আগে ঝড়ের কারণে সিনিয়র ডক্টরস ডরমেটরীর (স্থিরচিত্র ১৮) কার্টেনওয়াল (কৌচ ও অ্যালুমিনিয়াম নির্মিত) ভেঙে গেছে। এছাড়া চিলেকোঠার ছাদে ড্যাম পরিলক্ষিত হয়েছে। চিলেকোঠার ছাদের পানি নিষ্কাশন পাইপে

ময়লা জমে বন্ধ হয়ে যাওয়ায় এমনটি হয়েছে বলে গণপূর্ত প্রতিনিধি জানান। জুনিয়র ডক্টরস ডরমেটরীর নীচ তলায় সিড়ির প্রবেশপথ রাস্তা থেকে নীচু হওয়ায় এবং পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় সামান্য বৃষ্টি হলেই তা যাতায়াতের অনুপযোগী হয়ে যায় বলে জানা যায়।

রেস্টাল হোস্টেল (১টি): ভবনটি হস্তান্তর করা হয়েছে। এখানে মধুমতি ব্যাংক লিঃ একটি শাখা স্থাপন করা হয়েছে।

ডক্টরস ডরমেটরী (সর্ট-টার্ম ড্রেইনী) (১টি): ভবনটি হস্তান্তর করা হয়নি এবং ব্যবহৃত হচ্ছে না। একাডেমিক কার্যক্রম পরিচালিত হচ্ছে না বলে ভবনটি গ্রহণ করা হচ্ছেনা বলে উপস্থিত কর্মকর্তাগণ জানান।

ইলেকট্রিক সাব-স্টেশন (১টি): ভবনটি হস্তান্তর করা হয়নি। ভবনটির নীচতলায় সাব-স্টেশন স্থাপন করা হয়েছে। বৈদ্যুতিক সাব-স্টেশন হতে হাসপাতাল সরবরাহ চলছে। ভবিষ্যতে গণপূর্ত অধিদপ্তরের সেকশন অফিস স্থাপনের জন্য ভবনের ২য় তলা সংরক্ষিত রয়েছে।

অন্যান্য নির্মাণ: প্রকল্পের আওতায় অভ্যন্তরীণ রাস্তাঘাট, পানি শোধনাগার ও ড্রেইনেজ ব্যবস্থা নির্মাণ করা হয়েছে। আবাসিক ভবনসমূহে সরবরাহকৃত পানিতে আয়রন অনেক বেশী রয়েছে বলে বসবাসকারী কর্মচারীগণ অভিযোগ করেন। কয়েকটি আবাসিক ভবনের নির্মাণের পর এগুলোর নীচে প্রয়োজনীয় মাটি ভরাট কাজ সম্পন্ন করা হয়নি।

বৈদ্যুতিক কার্যক্রম: প্রকল্পের আওতায় সাব-স্টেশন স্থাপন, সকল ভবনে অভ্যন্তরীণ বৈদ্যুতিক সংযোগ, বহিঃসংযোগ, রাস্তার লাইট ইত্যাদি স্থাপন করা হয়েছে। কয়েকটি ভবনের কিছু কিছু বৈদ্যুতিক সুইচ, সকেট, ফ্যান, লাইট ইত্যাদি পরিদর্শনকালে পাওয়া যায়নি। এগুলো চুরি হয়ে গেছে বলে জানানো হয়।

গ) যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়: নির্মাণধর্মী এ প্রকল্পটি অনুমোদন পরবর্তীতে উদ্দেশ্য বাস্তবায়নের কৌশলগত দিক বা অনুশাসন ছিল-নির্মাণ কাজ সমাপ্তির শেষ দিকে যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় করা এবং অনুমোদিত মেয়াদে জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা। জমি অধিগ্রহণের পর প্রকল্পটির নির্মাণ কার্য সম্পাদনের অধিকাংশ চুক্তি জুন ২০১২ এ স্বাক্ষরিত হয়। নির্মাণ কাজ সমাপ্ত হয় জুন ২০১৫ মাসে। হাসপাতাল ভবন নির্মাণের শেষ পর্যায়ে যন্ত্রপাতিসমূহ ক্রয়/সংগ্রহের বিষয়টি নির্ধারিত থাকলেও প্রকল্প পরিচালকের দেয়া তথ্য অনুযায়ী অধিকাংশ যন্ত্রপাতি ফেব্রুয়ারী ২০১২ মাসে ক্রয় শুরু করে ডিসেম্বর ২০১৩ মাসে ক্রয় করা সম্পন্ন হয়েছে। অর্থাৎ হাসপাতাল ভবন নির্মাণ সমাপ্তির প্রায় ২ বছর আগে যন্ত্রপাতি নির্মাণ সমাপ্ত হয়েছে। এক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নের Critical Path অনুসরণ করা হয়নি। এছাড়া নির্ধারিত সময়ের আগে যন্ত্রপাতি সংগ্রহ করে ব্যবহার না করায় এগুলোর Warranty Period এর অধিকাংশ/সম্পূর্ণ সময় শেষ হয়ে গেছে। হাসপাতাল কর্তৃপক্ষ জানান, যন্ত্রপাতিসমূহ সচল রয়েছে এবং এগুলোর মান ভাল।

১২। প্রকল্পের সার্বিক অগ্রগতি:

প্রকল্পটির শুরুর হতে সমাপ্তি পর্যন্ত ডিপিপি 'র সংস্থানকৃত ১৮২৮৯.২৯ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৭৭৫০.২১ লক্ষ টাকা, যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৭.০৫% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ:

(লক্ষ টাকায়)						
অর্থবছর	মূল ডিপিপি সংস্থান	সংশোধিত ডিপিপি সংস্থান	সংশোধিত এডিপিপিতে বরাদ্দ	অবমুক্ত	মোট ব্যয়	সমর্পণকৃত অর্থ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
২০১০-২০১১	৫০০.০০	৪৯৬.৯৭	৫০০.০০	৫০০.০০	৪৯৬.৯৭	৩.০৩
২০১১-২০১২	৬,৬০৬.৯৯	৬,৭৪২.২০	৬,৯০৪.০০	৬,৯০৪.০০	৬,৭৪২.২০	১৬১.৮০
২০১২-২০১৩	৭,০২৪.৪৫	৫,৬৬৩.৮৭	৫,৯৯৫.০০	৫,৯৯৫.০০	৫,৬৬৩.৮৭	৩৩১.১৩
২০১৩-২০১৪	-	২,৫১৪.১৬	৪,৩০০.০০	৩,৬৬২.০০	২,৫১৪.১৭	১,১৪৭.৮৩

(লক্ষ টাকায়)						
অর্থবছর	মূল ডিপিপি সংস্থান	সংশোধিত ডিপিপি সংস্থান	সংশোধিত এডিপিতে বরাদ্দ	অবমুক্ত	মোট ব্যয়	সম্পূর্ণকৃত অর্থ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
২০১৪-২০১৫	-	২,৮৭২.০৯	২,৫০০.০০	২,৫০০.০০	২,৩৩৩.০০	১৬৭.০০
মোট:	১৪১৩১.৪৪	১৮২৮৯.২৯	২০১৯৯.০০	১৯৫৬১.০০	১৭৭৫০.২১	১৮১০.৭৯

তথ্য সূত্র: পিসিআর ও পরিদর্শনকালে প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

উপরের সারণী হতে দেখা যায় যে , প্রকল্পটির পুরো মে যাদে প্রকল্পের অনুকূলে বরাদ্দের বিপরীতে অবমুক্তকৃত অর্থের পরিমাণ ১৯৫৬১.০০ লক্ষ টাকা। অবমুক্তকৃত অর্থের বিপরীতে মোট ব্যয় হয়েছে ১৭৭৫০.২১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। ছাড়কৃত অব্যয়িত অর্থের পরিমাণ ১৮১০.৭৯ লক্ষ টাকা যা সম্পূর্ণ করা হয়েছে বলে প্রকল্প পরিচালক জানান। প্রসঙ্গত, প্রকল্প বাস্তবায়নকালে বছরভিত্তিক এডিপি বরাদ্দের শতভাগ ব্যবহার করা যায়নি।

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য: অনুমোদিত প্রকল্পটির শুরু থেকে অর্থাৎ গত ১৬/০১/২০১১ তারিখ হতে শেষ পর্যন্ত ডাঃ মোঃ সিরাজুল ইসলাম মোল্লা প্রকল্প পরিচালক হিসেবে পূর্ণকালীন দায়িত্ব পালন করেন।

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এ প্রকল্পের উদ্দেশ্য অর্জন সম্পর্কে কোন তথ্য প্রদান করা হয়নি। প্রকল্পের আওতায় নির্মিত “শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ ইনস্টিটিউট” ২০১৫ সালের আগস্ট মাসে কার্যক্রম শুরু করে। পরবর্তিতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ৩০ এপ্রিল ২০১৬ তারিখে প্রতিষ্ঠানটির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। প্রকল্পটি সমাপ্ত হওয়ার ০২ (দুই) বছরেরও অধি সময় পর গত ২৩/৮/২০১৭ তারিখে প্রকল্প পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্যের প্রেক্ষিতে অর্জিত ফলাফল নিম্নরূপ:

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
(ক)	প্রান্তিক পর্যায়ে স্বাস্থ্য সেবা পৌঁছে দেবার জন্য একটি ১০০ শয্যা বিশিষ্ট বিশেষায়িত চক্ষু হাসপাতাল ও ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা;	(ক)	প্রকল্পের আওতায় ১০০ শয্যা বিশিষ্ট বিশেষায়িত চক্ষু হাসপাতাল ও ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়েছে। একটি টারশিয়ারী পর্যায়ের চক্ষু হাসপাতাল ও ইনস্টিটিউট হিসেবে প্রতিষ্ঠানটি স্থাপন করা হয়েছে। ফলে উদ্দেশ্যটি অর্জিত হয়েছে।
(খ)	নার্স প্যারামেডিকেল এবং ডাক্তারদের স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নের ব্যবস্থা করা;	(খ)	১০০ শয্যা বিশিষ্ট বিশেষায়িত চক্ষু হাসপাতালে চিকিৎসা প্রদান সেবা আগস্ট ২০১৫ হতে শুরু হলেও একাডেমিক কার্যক্রম শুরু হয়নি। একাডেমিক কার্যক্রম শুরুর জন্য প্রয়োজনীয় জনবল পদায়ন করা হয়নি। ফলে উদ্দেশ্যটি অর্জিত হয়নি বলে প্রতীয়মান হয়।
(গ)	চক্ষু সংক্রান্ত রোগের বিষয়ে গবেষণা পরিচালনা সংগঠিত করা;	(গ)	চক্ষু সংক্রান্ত রোগের বিষয়ে গবেষণা পরিচালনার জন্য affiliation না থাকায় তা গ্রহণের জন্য বিসিপিএস এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। এক্ষেত্রে প্রয়োজনীয় অর্থ বরাদ্দও নেই। ফলে উদ্দেশ্যটি অর্জিত হয়নি বলে প্রতীয়মান হয়।
(ঘ)	চক্ষু বিষয়ক বিশেষায়িত সেবা সার্বজনীন করা;	(ঘ)	চক্ষু বিষয়ক বিশেষায়িত সেবা সার্বজনীন করার জন্য ১১টি বিভাগে সিনিয়র কনসালটেন্ট এর পদ সৃজন করা হলেও ৫টি বিভাগে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। ফলে উদ্দেশ্যটি আংশিক অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়।
(ঙ)	চক্ষু সেবায় গুণগতমান সহজপ্রাপ্যতা নিশ্চিতকরণ করে শহরে প্রতিষ্ঠিত চক্ষু হাসপাতালগুলোর উপর রোগীর চাপ হ্রাসকরণ; এবং	(ঙ)	প্রকল্পের আওতায় নির্মিত হাসপাতালে গত ২ বছরে প্রায় ২ (দুই) লক্ষ রোগীকে উন্নত ও বিশেষায়িত চক্ষু চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ফলে উদ্দেশ্যটি অর্জিত হয়েছে।
(চ)	দূরবর্তী অঞ্চলের চিকিৎসা কেন্দ্রগুলোর মান জাতীয় চক্ষু ইনস্টিটিউটের মধ্যে কার্যকর রেফারেল পদ্ধতি গড়ে তোলা।	(চ)	প্রকল্পের আওতায় নির্মিত হাসপাতালে দেশের দক্ষিণ-পশ্চিমে অবস্থিত প্রায় ২১টি জেলা হতে বিভিন্ন চক্ষু রোগে আক্রান্ত রোগীরা চিকিৎসা নিতে আসে। উক্ত জেলা হাসপাতালগুলো হতে জটিল রোগীদের এ হাসপাতালে রেফার করা হয়। ফলে উদ্দেশ্যটি অর্জিত হয়েছে। তবে আন্তর্জাতিক মানের রেফারেল পদ্ধতি বাংলাদেশের চিকিৎসা ব্যবস্থায় এখনও প্রবর্তন করা যায়নি। প্রাইমারী, সেকেন্ডারী ও টারশিয়ারী হাসপাতালের মধ্যে সুনির্দিষ্ট রেফারেল ব্যবস্থা প্রবর্তন করা গেলে তা দেশের স্বাস্থ্য সেবার মান আরও ভাল করতে পারে।

১৫। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ : প্রকল্পের মূল উদ্দেশ্য শতভাগ অর্জন সম্ভব হয়নি। প্রকল্পের উদ্দেশ্য

পুরোপুরি অর্জিত না হওয়ার কারণ নিম্নরূপ:

১৫.১ প্রয়োজনীয় জনবলের অভাব: নির্মিত চক্ষু হাসপাতাল ও ইনস্টিটিউট এর জন্য বিসিএস স্বাস্থ্য ক্যাডারের ৯১টি স্থায়ী পদ এবং ২৪৪টি আওটসোর্সিং পদসহ ৫৪২টি অস্থায়ী পদ রাজস্বখাতে সৃজন করা হয়। কিন্তু সৃজিত পদের বিপরীতে পরিদর্শন তারিখে ৩২টি বিসিএস স্বাস্থ্য ক্যাডারের পদে কর্মকর্তা পদায়ন করা হয়েছে। অবশিষ্ট ৫৯টি পদ শূন্য রয়েছে। অন্যান্য পদসমূহের অধিকাংশ শূন্য রয়েছে বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানান। ফলে হাসপাতালের আওতায় যে মানের চিকিৎসা সেবা দেয়ার সুযোগ তৈরী করা হয়েছে তা দেয়া সম্ভব হচ্ছে না। যেমন: প্রকল্পের আওতায় ২টি ১২ চ্যানেল ও ২টি ৩চ্যানেল ইসিজি মেশিন ক্রয় করা হয়েছে। তন্মধ্যে ১টি ১২ চ্যানেল ও ১টি ৩চ্যানেল ইসিজি মেশিন ব্যবহৃত হচ্ছে। পরিদর্শনকালে যন্ত্রগুলো পরিচালনা করার মত কোন প্রশিক্ষিত দক্ষ জনবল পরিলক্ষিত হয়নি;

১৫.২ গবেষণার জন্য affiliation না থাকা: চক্ষু সংক্রান্ত রোগের বিষয়ে গবেষণা পরিচালনার জন্য affiliation না থাকা;

১৫.৩ একাডেমিক কার্যক্রম শুরু না করা: একাডেমিক কার্যক্রম শুরু করার জন্য প্রয়োজনীয় একাডেমিক জনবল পদায়ন/নিয়োগ না দেয়া, স্বল্প ও দীর্ঘমেয়াদী নিয়মিত একাডেমিক কোর্স পরিচালনার জন্য কোন সুনির্দিষ্ট পরিকল্পনা না থাকা এবং এজন্য প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ না থাকা; এবং

১৫.৪ সুনির্দিষ্ট রেফারেল ব্যবস্থা প্রবর্তন না করা: প্রাইমারী, সেকেন্ডারী ও টারশিয়ারী হাসপাতালের মধ্যে সুনির্দিষ্ট রেফারেল ব্যবস্থা প্রবর্তন করার জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন না করা।

১৬। প্রকল্প বাস্তবায়নোত্তর সমস্যা:

১৬.১ ঠিকাদার প্রতিষ্ঠানকে কার্যক্রম সমাপনান্তে নির্মাণজনিত সকল বিল প্রকল্প মেয়াদেই গণপূর্ত অধিদপ্তর কর্তৃক পরিশোধ করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর ২ (দুই) বছরেরও বেশী সময় অতিক্রান্ত হলেও প্রত্যাশি সংস্থা র নিকট হস্তান্তর সম্পন্ন হয়নি। প্রত্যাশি সংস্থার প্রতিনিধি, জানান ভবনসমূহ আনুষ্ঠানিকভাবে হস্তান্তরের জন্য গণপূর্ত অধিদপ্তরকে পত্র দেয়া হয়েছে। নির্মিত ভবনসমূহে বেশ কিছু ত্রুটিজনিত কারণে এগুলোর হস্তান্তর প্রক্রিয়া বিলম্বিত হয়েছে। এ সম্পর্কে গণপূর্ত প্রতিনিধি জানান, ভবনসমূহে র ত্রুটি মেরামত করে আনুষ্ঠানিকভাবে গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

১৬.৩ জনস্বার্থে প্রকল্প সমাপ্তির পর প্রকল্প পরিচালক/হাসপাতালের পরিচালক কর্তৃক নির্মিত ভবনসমূহের হস্তান্তর সম্পন্ন হওয়ার পূর্বেই হাসপাতাল ভবনে কার্যক্রম চালু/ব্যবহার করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর প্রকল্প পরিচালক/হাসপাতালের পরিচালক কর্তৃক ভবনসমূহ হস্তান্তর সম্পন্ন করার জন্য প্রচেষ্টা অব্যাহত রেখেছেন। শীঘ্রই ভবনসমূহ হস্তান্তর সম্পন্ন হবে বলে প্রকল্প পরিচালক ও গণপূর্ত প্রতিনিধি জানান।

১৬.৪ প্রকল্পের আওতায় নির্মাণখাতে প্রায় ১৩৯.৩০ কোটি টাকা ব্যয় করা হয়েছে। নির্মিত ২১টি ভবনের মধ্যে ১টি ভবন হস্তান্তরিত হয়েছে। হস্তান্তরিত না হলেও হাসপাতাল ভবন ও ইলেকট্রিক সাব-স্টেশন ভবন চালু করে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। ১টি ভবনকে ব্যাংকিং ব্যবসা পরিচালনার জন্য মধুমতি ব্যাংক লিঃ এর নিকট হস্তান্তর করা হয়েছে। ৪টি ভবনের হস্তান্তর সম্পন্ন না করেই কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক ১-২ বছর যাবৎ আবাসিক উদ্দেশ্যে ব্যবহার করা হচ্ছে। অবশিষ্ট ১৪টি ভবন হস্তান্তরিত না হওয়ায় অব্যবহারজনিত কারণে ভবনগুলো নষ্ট হচ্ছে। প্রসঙ্গতঃ কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নির্মিত ভবনসমূহের মধ্যে ৪টি ভবনের হস্তান্তর ও বরাদ্দ প্রক্রিয়া সম্পাদন না করে ব্যবহার করায় সরকার গত ১২-২৪ মাসের বাড়ি ভাড়া বাবদ রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে। এছাড়া আরও প্রায় ১৩ ভবনের হস্তান্তর সম্পন্ন না হওয়ায় হাসপাতালের কর্মকর্তা-কর্মচারীগণ সরকারী সুবিধা বঞ্চিত হচ্ছেন এবং সরকার রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে।

১৬.৫ পরিদর্শনকালে ব্যবহৃত ৪টি ভবনের অধিকাংশ কক্ষ/ফ্লোটে বিধিভূতভাবে বৈদ্যুতিক রাইসকুকার/চুলাসহ বিভিন্ন

বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার করা হচ্ছে।

১৬.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত ৩টি গাড়ির মধ্যে কোন গাড়ি পরিবহন পূলে জমা দেয়া হয়নি অথবা টিওই ভুক্ত করার পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

১৬.৭ প্রকল্পের আওতায় সংগৃহীত কোন যন্ত্রপাতি বা আসবাবপত্র টিওই ভুক্ত করার পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

১৭। সুপারিশ:

১৭.১ প্রতিবেদনের ১৫(খ) অনুচ্ছেদে উল্লিখিত ত্রুটিসমূহসহ (উদাহরণ:লিফট কোরে পানি জমে থাকা) প্রকল্পের আওতায় সম্পন্ন সকল নির্মাণ ত্রুটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৭.২ জাতীর পিতার প্রয়াত সহধর্মিণীর নামে প্রতিষ্ঠিত “শেখ ফজিলাতুলেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ ইনস্টিটিউট” চক্ষু চিকিৎসা সেবা প্রদানের জন্য ‘জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট’ এর পর একমাত্র সরকারি টারশিয়ারী হাসপাতাল। এ প্রতিষ্ঠানে প্রয়োজনীয় জনবল না থাকায় চিকিৎসা সেবা ঈশ্বরীয় মাত্রায় প্রদান করা সম্ভব হচ্ছে না। ৯১টি পদের বিপরীতে মাত্র ৩২ জন চিকিৎসক পদায়ন করায় এ প্রতিষ্ঠানে সেবা দান ব্যহত হচ্ছে। যথাসম্ভব সম্ভব চিকিৎসকসহ সকল সৃজিত পদে জনবল নিয়োগ/পদায়ন নিশ্চিত করতে হবে;

১৭.৩ নার্স প্যারামেডিকেল এবং ডাক্তারদের স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ এবং চক্ষু সংক্রান্ত রোগের বিষয়ে গবেষণা পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবল পদায়ন/নিয়োগ দেয়া, একাডেমিক কোর্স পরিচালনার জন্য affiliation গ্রহণ ও সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন এবং এজন্য প্রয়োজনীয় আর্থিক বরাদ্দের ব্যবস্থা করতে হবে যাতে চক্ষু রোগ চিকিৎসার জন্য দেশের উপজেলা ও জেলা পর্যায়ের সকল হাসপাতালে জনবল নিশ্চিত করা যায়;

১৭.৪ চক্ষু সংক্রান্ত চিকিৎসা সেবার জন্য প্রাইমারী, সেকেন্ডারী ও টারশিয়ারী হাসপাতালের মধ্যে সুনির্দিষ্ট রেফারেল ব্যবস্থা প্রবর্তন করার লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে

১৭.৫ প্রকল্পের sustainability’র জন্য প্রকল্প পরিচালক, হাসপাতালের পরিচালক ও নির্মাণ সংস্থা কর্তৃক ভবনসমূহ হস্তান্তর সম্পন্ন করার কার্যকর পদক্ষেপ করতে হবে এবং প্রকল্পের আওতায় নির্মিত সকল স্থাপনা প্রত্যাশি সংস্থার নিকট হস্তান্তর সম্পন্ন করতে হবে;

১৭.৬ স্থাপনাসমূহ হস্তান্তরের পর স্বল্পতম সময়ে স্থাপনাসমূহ গণপূর্ত অধিদপ্তরের বুক-এ অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে যাতে স্থাপনাসমূহের নিয়মিত মেরামত ও সংরক্ষণ বাধাগ্রস্ত না হয়;

১৭.৭ সিনিয়র কনসালটেন্টগণের জন্য নির্মিত অফিসার্স কোয়ার্টার (১২৫০ব.ফু) এ কয়েকজন কর্মচারী সপরিবারে বসবাস করে ভবনের বাথরুম, রান্নাঘর বৈদ্যুতিক লাইনের ক্ষতি সাধন করেছেন। এবিষয়ে তাদের ব্যাখ্যা গ্রহণ করা যেতে পারে;

১৭.৮ ৪টি ভবন হস্তান্তরের পূর্বেই কোন বরাদ্দপত্র ছাড়া কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক গত ১২ থেকে ২৪ মাস যাবৎ আবাসিক উদ্দেশ্যে ব্যবহৃত হচ্ছে। বরাদ্দপত্র ছাড়া সরকারী আবাসিক স্থাপনায় বসবাসকারী কর্মকর্তা-কর্মচারীগণের নিকট থেকে বিধি মোতাবেক বকেয়াসহ সম্পূর্ণ বাড়িভাড়া কর্তন করা যেতে পারে; এছাড়া তাদের নিকট থেকে উক্ত ভবনগুলোতে ব্যবহৃত বিদ্যুতের বিল/পানির বিল বকেয়াসহ আদায় করা যেতে পারে;

১৭.৯ সরকারি অর্থে নির্মিত ১৩ ভবনের হস্তান্তর সম্পন্ন বিলম্বিত করে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আবাসন সুবিধা প্রদান বিলম্বিত করা এবং বাড়িভাড়া বাবদ সরকারের রাজস্ব আয় বাধাগ্রস্ত করার ক্ষেত্রে জড়িতের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

১৭.১০ প্রকল্পের আওতায় সংগৃহীত গাড়ি, যন্ত্রপাতি ও আসবাবপত্র টিওই-ভুক্ত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৭.১১ ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের আওতায় নির্মিত ভবনসমূহ প্রত্যাশি সংস্থার নিকট হস্তান্তরিত হওয়ার পর প্রকল্প সমাপ্ত করা সমীচীন হবে; এবং

১৭.১২ অনুচ্ছেদ ১৭.১ হতে ১৭.১১ এ উল্লিখিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডি’কে প্রতিবেদন জারীর ৩০ কার্যদিবসের মধ্যে অবহিত করতে হবে।

“শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় ক্রয় সংক্রান্ত তথ্য:

পণ্য ক্রয় সংক্রান্ত

প্যাকেজের নাম	প্যাকেজ নং ও লট নং	আরডি পিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়	টেন্ডার আহ্বানের তারিখ	পত্রিকার নাম ও পত্রিকায় প্রকাশের তারিখ	টেন্ডার উন্মুক্ত করণের তারিখ	টেন্ডার অনুমোদনের তারিখ	নোয়া প্রদানের তারিখ	চুক্তির তারিখ	চুক্তির মূল্য	চুক্তি অনুযায়ী ক্রয় সম্পাদনের তারিখ	প্রকৃত ক্রয় সম্পাদনের তারিখ	পরিশোধিত মূল্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
মেডিকেল যন্ত্রপাতি (ওপিডি)	GD-04-1 Lot No.-1 Lot No.-2	৩২৪.২৪ ২৩২.৪০	০৬.০২. ২০১২	দৈনিক ইত্তেফাক ০৮.০২.২০ ১২ দি ডেইলী ১১.০২.২০ ১২	০৭.০৩. ২০১২	০৯.০৫. ২০১২ ০৯.০৫. ২০১২	০৯.০৫.২ ০১২ ০৯.০৫.২ ০১২	২৪.০৫.২০ ১২ ২৪.০৫.২০ ১২	৩২৪.২৪ ২৩২.৪০	চুক্তি অনুযায়ী ১২ সপ্তাহ	ডিসেম্বর, ২০১২ ডিসেম্বর, ২০১২	৩২৪.২ ৪ ২৩২.৪ ০
মেডিকেল যন্ত্রপাতি (ওটি এন্ড সিসিডি)	GD-05-1 Lot No.-1 Lot No.-2	১৮৩.৫৫ ০৫৬ ৩১৪.৫০	২০.০২. ২০১২	দৈনিক ইত্তেফাক ২১.০২.২০ ১২ দি নিউ এজ ২২.০২.২০ ১২	০১.০৪.২ ০১২	০৯.০৫. ২০১২ ০৯.০৫. ২০১২	০৯.০৫.২ ০১২ ০৯.০৫.২ ০১২	২৪.০৫.২০ ১২ ২৪.০৫.২০ ১২	১৮৩.৫৫ ০৫৬ ৩১৪.৫০	চুক্তি অনুযায়ী ১২ সপ্তাহ	ডিসেম্বর, ২০১৩ ডিসেম্বর, ২০১৩	১৮৩.৫ ৫০৫৬ ৩১৪.৫ ০
মেডিকেল যন্ত্রপাতি (ওপিডি)	GD-04-2 Lot No.-1	২৪.০০	১৩.০৩. ২০১৫	দৈনিক ইত্তেফাক ০৮.০২.২০ ১২ দি ডেইলী ১১.০২.২০ ১২	০৭.০৩. ২০১২	২১.০৫. ২০১৩	২১.০৫.২ ০১৩	১৬.০৬.২০ ১৩	২৩.৪০	চুক্তি অনুযায়ী ১২ সপ্তাহ	জুন, ২০১৫	২৩.৪০
মেডিকেল যন্ত্রপাতি (ওপিডি)	GD-04-2 Lot No.-1	১০৯.৭৫	১৩.০৩. ২০১৫	দৈনিক ভোরের কাগজ ১৩.০৩.২০ ১৫ ঢাকা ট্রিবিউন ১৩.০৩.২০ ১৫	১৪.০৪.২ ০১৫	১৪.০৬. ২০১৫	১৪.০৬.২ ০১৫	১৬.০৬.২০ ১৩	১০৬.২০	চুক্তি অনুযায়ী ২ সপ্তাহ-এর মধ্যে	জুন, ২০১৫	১০৬.২ ০
মেডিকেল যন্ত্রপাতি (ওটি ল্যাব এন্ড ট্রেনিং)	GD-05-2 Lot No-1 Lot No-2 Lot No-3	২৩৩.৪১ ৭ ১০৮.৮ ৬৬৫৪ ১১৭.০৮ ২	০৪.০৩. ২০১২	দৈনিক সমকাল ০৫.০৩.২০ ১২ বাংলাদেশ টুডে ০৫.০৩.২০ ১২ দি ইনডেপেন্ডে ন্ট ০৬.০৩.২০ ১২	০৮.০৪. ২০১২	০৯.০৫. ২০১২ ০৯.০৫. ২০১২ ০৯.০৫. ২০১২	০৯.০৫.২ ০১২ ০৯.০৫.২ ০১২ ০৯.০৫.২ ০১২	২৪.০৫.২০ ১২ ২৪.০৫.২০ ১২ ২৪.০৫.২০ ১২	২৩৩.৪১ ৭ ১০৮.৮৬ ৬৫৪ ১১৭.০৮ ২	চুক্তি অনুযায়ী ১২ সপ্তাহ	ডিসেম্বর, ২০১৩ ডিসেম্বর, ২০১৩ ডিসেম্বর, ২০১৩	২৩৩.৪ ১৭ ১০৮.৮ ৬৬৫৪ ১১৭.০৮ ২
মেডিকেল যন্ত্রপাতি (আইপিডি)	GD-4/5-1 Lot-Single	১৩৮.১১	২৮.০৪. ২০১২	দৈনিক খবর ৩০.০৪.২০ ১২ ফাইন্যান্সি য়াল এক্সপ্রেস ২৯.০৪.২০ ১২	২১.০৫. ২০১২	২৮.০৫. ২০১২	২৮.০৫.২ ০১২	২৪.০৫.২০ ১২	১৩৮.১১	চুক্তি অনুযায়ী ১২ সপ্তাহ	ডিসেম্বর, ২০১৩	১৩৮.১১
মেডিকেল যন্ত্রপাতি (আইপিডি)	GD-4/5-2 Lot No-1 Lot No-2 Lot No-3 Lot No-4 Lot No-5	২৪১.৩৮ ১৩৭.০০ ৫২.৯৮৯ ৯ ৬৬.৯৮ ৯৯ ৩২.৭১৪	১২.০৯. ২০১২	দৈনিক ইত্তেফাক ১৪.০৯.২০ ১২ দি ডেইলী ১৬.০৯.২০ ১২	১৬.১০. ২০১২	১৭.১১.২ ০১২ ১৭.১১.২ ০১২ ১৭.১১.২ ০১২ ১৭.১১.২ ০১২ ১৭.১১.২ ০১২	১৭.১১.২০ ১২ ১৭.১১.২০ ১২ ১৭.১১.২০ ১২ ১৭.১১.২০ ১২ ১৭.১১.২০ ১২	২৪১.৩৮ ১৩৭.০০ ৫২.৯৮৯ ৯ ৬৬.৯৮ ৯৯ ৩২.৭১৪	চুক্তি অনুযায়ী ১২ সপ্তাহ	ডিসেম্বর, ২০১৩ ডিসেম্বর, ২০১৩ ডিসেম্বর, ২০১৩ ডিসেম্বর, ২০১৩ ডিসেম্বর, ২০১৩	২৪১.৩ ৮ ১৩৭.০ ০ ৫২.৯৮ ৯৯ ৬৬.৯৮ ৯৯ ৩২.৭১৪	

প্যাকেজের নাম	প্যাকেজ নং ও লট নং	আরডি পিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়	টেন্ডার আহবানের তারিখ	পত্রিকার নাম ও পত্রিকায় প্রকাশের তারিখ	টেন্ডার উন্মুক্ত করণের তারিখ	টেন্ডার অনুমোদনের তারিখ	নোয়া প্রদানের তারিখ	চুক্তির তারিখ	চুক্তির মূল্য	চুক্তি অনুযায়ী ক্রয় সম্পাদনের তারিখ	প্রকৃত ক্রয় সম্পাদনের তারিখ	পরিশোধিত মূল্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
মেডিকেল যন্ত্রপাতি (ওপিডি)	GD-5-3 Lot No-1 Lot No-2	১৭৭.৮০ ১২৪.৫৫	০৯.১২. ২০১২	দৈনিক ইত্তেফাক ১০.১২.২০ ১২ দি নিউ এজ ১২.১২.২০ ১২	৩১.১২. ২০১২	১৩.০১. ২০১৩ ১৩.০১. ২০১৩	১৩.০১.২ ০১৩ ১৩.০১.২ ০১৩	০৯.১২.২০ ১৩ ০৯.১২.২০ ১৩	১৭৭.৮০ ১২৪.৫৫	চুক্তি অনুযায়ী ১২ সপ্তাহ	ডিসেম্বর, ২০১৩ ডিসেম্বর, ২০১৩	১৭৭.৮০ ১২৪.৫৫
হসপিটাল এন্ড ইনস্টিটিউট ফার্নিচার	GD-8/9-1 Lot-Single	৯৯.০০	০৬.০১. ২০১৩	দৈনিক ইত্তেফাক ০৮.০১.২০ ১৩ দি নিউজ টুডে ০৭.০১.২০ ১৩	৩১.০১. ২০১৩	১৪.০৩. ২০১৩	১৪.০৩.২ ০১৩	১১.০৪.২০ ১৩	৮৮.৯৯	চুক্তি অনুযায়ী ১২ সপ্তাহ	ডিসেম্বর, ২০১৩	৮৮.৯৯
হসপিটাল মেডিকেল ফার্নিচার	GD-8/9-2 Lot-1	১০০.০০	২৪.০৩. ২০১৩	দৈনিক জনকণ্ঠ ২৫.০৩.২০ ১৩ দি নিউ এজ ২৫.০৩.২০ ১৩	২১.০৪.২ ০১৩	২১.০৫. ২০১৩	২১.০৫.২ ০১৩	০৬.০৬.২০ ১৩	৯১.১০	চুক্তি অনুযায়ী ১২ সপ্তাহ	ডিসেম্বর, ২০১৩	৯১.১০
হসপিটাল জেনারেল ফার্নিচার	GD-8/9-2 Lot-2	৬১.০০	২৪.০৩. ২০১৩	দৈনিক জনকণ্ঠ ২৫.০৩.২০ ১৩ দি নিউ এজ ২৫.০৩.২০ ১৩	২১.০৪.২ ০১৩	২১.০৫. ২০১৩	২১.০৫.২ ০১৩	০৬.০৬.২০ ১৩	৫০.১৭৫	চুক্তি অনুযায়ী ১২ সপ্তাহ	জুন, ২০১৫	৫০.১৭৫
জেনারেল ফার্নিচার	বিভিন্ন সময়ে কোর্টেশনের মাধ্যমে	২৯.৮০	২০১৪- ১৫	কোর্টেশনের মাধ্যমে	-	-	-	-	২৯.৪৭৫ ৭৫	বিভিন্ন সময়ে কার্যাদেশ	বিভিন্ন তারিখে	২৯.৪৭৫ ৭৫

“শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় ক্রয় সংক্রান্ত তথ্য:

কার্য ক্রয় সংক্রান্ত

প্যাকেজের নাম	প্যাকেজ নং	আরডি পিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়	টেন্ডার আহবানের তারিখ	পত্রিকার নাম ও পত্রিকায় প্রকাশের তারিখ	টেন্ডার উন্মুক্ত রণের তারিখ	টেন্ডার অনুমোদনের তারিখ	NOA প্রদানের তারিখ	চুক্তির তারিখ	চুক্তি মূল্য	চুক্তি অনুযায়ী ক্রয় সম্পাদনের তারিখ	প্রকৃত ক্রয় সম্পাদনের তারিখ	পরিশোধিত মূল্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
Establishment of "Sheikh Fazilatunnessa Mujib Eye Hospital & Training Institute"	Hospital, Academic & Administrative Building	4037.33	01-03-11	--	01-03-11	--	19-05-11	06-06-11	2631.78	05-06-2013	30-06-2015	425.043
	Remaining Ancillary works: 4 Lots	600.76 lacs			22-06-14			08-09-14	-			
	1250.00 sft. Quarter	2042.07	11-09-11	দৈনিক সমকাল দৈনিক যুগের সাথী Financial Express 13-09-11	12-10-11	12-12-11	13-12-11	09-01-12	1393.00	08-07-2013	30-06-2015	212.484
	1000.00 sft. Quarter											
800.00 sft. Quarter bldg.,	3	1269.23	11-09-11	-Do-	12-10-11	12-12-11	13-12-11	09-01-12	1064.77	08-07-2013	30-06-2015	129.398

প্যাকেজের নাম	প্যাকেজ নং	আরডিপি পি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়	টেন্ডার আহবা নের তারিখ	পত্রিকার নাম ও পত্রিকায় প্রকাশের তারিখ	টেন্ডার উন্মুক্ত রণের তারিখ	টেন্ডার অনুমো দনের তারিখ	NOA প্রদানের তারিখ	চুক্তির তারিখ	চুক্তিসূ ল্য	চুক্তি অনুযায়ী ক্রয় সম্পাদনের তারিখ	প্রকৃত ক্রয় সম্পাদ নের তারিখ	পরি শোধিত মূল্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
Gopalganj	800.00 sft. Quarter 2 bldg., 600.00 sft. Quarter Essential staff hostel	1498.90	11-09-11	-Do-	12-10-11	12-12-11	13-12-11	09-01-12	1229.68	08-07-2013	30-06-2015	1439.66
	A) Senior Nurses Dormitory B) Nurse Counselor Dormitory C) Student Hostel (Female) D) Junior Doctors Dormitory	1175.37	11-09-11	-Do-	12-10-11	12-12-11	18-12-11	02-01-12	923.74	08-07-2013	30-06-2015	1175.00
	1500.00 sft. Quarter (3-unit, 3 storied bldg.)	198.62	01-02-12	দৈনিক সমকাল দৈনিক যুগের সাহী Financial Express 03-02-12	28-02-12	31-05-11	31-05-11	14-06-12	134.71	13-09-2013	30-06-2015	197.60
	Senior Doctors dormitory (15 doctors 3-stored)	200.02	01-02-12	-Do-	28-02-12	31-05-11	31-05-11	14-06-12	198.82	13-09-2013	30-06-2015	197.80
	Student hostel (Male) for 30 nos, 3 storied	241.96	01-02-12	-Do-	28-02-12	31-05-11	31-05-11	14-06-12	190.41	13-09-2013	30-06-2015	256.62
	Doctor's dormitory (short term trainee,)	239.85	01-02-12	-Do-	28-02-12	31-05-11	31-05-11	14-06-12	213.07	13-09-2013	30-06-2015	230.60
	Rental Hostel / Patient relative stay	108.89	01-02-12	-Do-	28-02-12	31-05-11	31-05-11	14-06-12	91.88	13-09-2013	30-06-2015	106.31
Boundary wall, Gate House & security post	519.23	05-03-12	দৈনিক নয়াদিগন্ত দৈনিক যুগের সাহী Financial Express 08-03-12	04-04-13			16-06-12	26-06-12	322.96	25-06-13	25-06-13	509.59

প্যাকেজের নাম	প্যাকেজ নং	আরডিপি পি অনুমোদিত প্রাকল্পিত ব্যয়	টেন্ডার আহবান তারিখ	পত্রিকার নাম ও পত্রিকায় প্রকাশের তারিখ	টেন্ডার উন্মুক্ত রণের তারিখ	টেন্ডার অনুমো দনের তারিখ	NOA প্রদানের তারিখ	চুক্তির তারিখ	চুক্তিসমূ হ্য	চুক্তি অনুমোদিত ক্রয় সম্পাদনের তারিখ	প্রকৃত ক্রয় সম্পাদ নের তারিখ	পরি শোধিত মূল্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
	Electric Sub-Station building (74.00 sqm.)	100.52	03-04-12	দৈনিক ইনকিলাব দৈনিক যুগ কথা New nation 06-04-12	03-04-12	03-09-12	04-09-12	06-09-12	978.99	05-03-13	05-03-13	108.24
	Site development.	300.06	03-04-12	দৈনিক ইনকিলাব দৈনিক যুগ কথা New nation 06-04-12	03-04-12	03-09-12	04-09-12	28-02-13	272.74	05-03-13	05-03-13	300.06
	Internal Road	224.15	06-10-13	দৈনিক ইনকিলাব দৈনিক যুগের সাথী New nation 08-10-13	06-10-13	02-02-14	09-02-14	25-02-14	147.89	24-05-14	24-05-14	222.00
	Water treatment plant & under ground reservoir	77.68						13-05-13	77.68	12-05-14	12-05-14	102.76
	Drainage	90.51	06-01-14	ভোরের কাগজ দৈনিক বর্তমান গোপালগঞ্জ New nation 08-01-14	06-01-14	22-04-14	24-04-14	28-04-14	76.79	27-06-14	27-06-14	99.89
	External water supply	21.88	06-01-14	ভোরের কাগজ দৈনিক বর্তমান গোপালগঞ্জ New nation 08-01-14	06-01-14	22-04-14	24-04-14	15-05-14	14.73	14-07-14	14-07-14	20.00
	i) Fire Exit / Fire Extinguisher	148.62	06-10-13	দৈনিক ইনকিলাব দৈনিক যুগের সাথী New nation 08-10-13	06-10-13	02-02-14	09-02-14	12-02-14	20.50	11-05-14	11-05-14	124.99
	ii) Fire hydrant				19-10-14			11-11-14	98.00	10-02-15	10-02-15	

প্যাকেজের নাম	প্যাকেজ নং	আরডিপি পি অনুমোদিত প্রাকল্পিত ব্যয়	টেন্ডার আহবান তারিখ	পত্রিকার নাম ও পত্রিকার প্রকাশের তারিখ	টেন্ডার উন্মুক্ত রণের তারিখ	টেন্ডার অনুমো দনের তারিখ	NOA প্রদানের তারিখ	চুক্তির তারিখ	চুক্তিসূ ল্য	চুক্তি অনুমোদিত ক্রয় সম্পাদনের তারিখ	প্রকৃত ক্রয় সম্পাদ নের তারিখ	পরি শোধিত মূল্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
	Air Conditioning , Conference / Sound / PA system	155.20	06- 10- 13	দৈনিক ইনকিলাব দৈনিক যুগের সাহী New nation 08-10- 13	06- 10- 13	02-02- 14	09-02- 14	12-02- 14	115.20	11-05-14	11-05- 14	173. 00
	Generator 250 KVA 1 No	56.40	09- 05- 13	দৈনিক কালের কণ্ঠ দৈনিক যুগের সাহী New nation 14-05- 13	09- 05- 13	18-09- 13	01-10- 13	09-10- 13	46.15	09-11-13	09-11- 13	55.0 0
	Solar panel with required in/c. inverter, batteries, controller etc.	275.34	06- 10- 13	দৈনিক ইনকিলাব দৈনিক যুগের সাহী New nation 08-10- 13	06- 10- 13	02-02- 14	09-02- 14	12-02- 14	275.35	11-04-14	11-04- 14	275. 00
	Electric Sub- station equipment 1000 KVA 2 Nos & L.C System	175.26	15- 04- 15	দৈনিক যুগ কথা 16-04- 15	27- 09- 12	11-06- 15	16-06- 15	25-03- 14	174.06	30-06-15	30-06- 15	282. 34
	Electric L.T. over head line & compound light	104.18	03- 04- 12	দৈনিক ইনকিলাব দৈনিক যুগ কথা New nation 06-04- 12	25- 12- 12	03- 09-12	04- 09-12	28-02- 13	88.96	03-12- 12	03- 12-12	100. 00
	Pump motor set (20 H.P. /10 H.P./ 7.5 H.P. / 5 H.P./ 2 H.P.)	40.75	06- 01- 14	ভোরের কাগজ দৈনিক বর্তমান গোপালগঞ্জ New nation 08-01- 14	06- 01- 14	22-04- 14	24-04- 14	01-04- 14	31.27	01-05-14	01-05- 14	35.0 0
	Lift. 2 Nos Bed lift & 01 No Passenger lift.	218.27	06- 01- 14	ভোরের কাগজ দৈনিক বর্তমান গোপালগঞ্জ New nation 08-01- 14	27- 09- 12	22-02- 13	24-02- 13	06-03- 13	209.29	05-09-13	05-09- 13	130. 00
	CC TV system		04- 06- 15	দৈনিক যুগ কথা 07-06- 15	22- 06- 15	24- 06-15	24- 06-15	25-06- 15	40.04	30-06- 15	30- 06-15	

রিভাইটাইলিজেসন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিশিয়েটিভস ইন বাংলাদেশ (আরসিএইচসিআইবি) (২য় সংশোধিত) প্রকল্পের সংক্ষিপ্ত তথ্যাদি ও প্রভাব মূল্যায়ন প্রতিবেদনের উল্লেখযোগ্য সুপারিশ

সমাপ্ত: জুন ২০১৫

- ১। প্রকল্পের নাম : রিভাইটাইলিজেসন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিশিয়েটিভস ইন বাংলাদেশ (আরসিএইচসিআইবি) (২য় সংশোধিত)
- ২। প্রকল্পের অবস্থান : সারাদেশে প্রত্যেকটি ইউনিয়নের প্রত্যেক ওয়ার্ড এ ১ টি করে কমিউনিটি ক্লিনিক
- ৩। বাস্তবায়নকারী সংস্থা : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ডিজিএইচএস, ডিজিএফপি)
- ৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	ব্যয় হাস/ বৃদ্ধি (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	সময় হাস/ বৃদ্ধি (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
মোট- ২৬৭,৭৪৮.৯৭ টাকা- ২১৭,৭৪৮.৯৭ প্রকল্প সাহায্য- ৫০,০০০.০০	মোট- ১৬২,০০১.৩৬ টাকা- ১৬১,৮২০.৪০ প্রকল্প সাহায্য- ১৮০.৯৬	মোট- ১৫৯১১৮.৯২ টাকা- ১৫৮৯৩৭.৯৬ প্রকল্প সাহায্য- ১৮০.৯৬	জুলাই ২০০৯ হতে জুন ২০১৪ (৬০ মাস)	জুলাই ২০০৯ হতে জুন ২০১৫ (৭২ মাস)	জুলাই ২০০৯ হতে জুন ২০১৫ (৭২ মাস)	(-) ১০৮,৬৩০.০৫ (৪০.৫৭%)	(+) ১২ মাস (২০%)

৬। প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহ এবং ব্যয় (লক্ষ টাকায়) (প্রভাব মূল্যায়ন প্রতিবেদনের ভিত্তিতে)

(লক্ষ টাকায়)

প্রকল্পের প্রধান অঙ্গসমূহ	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)	প্রকৃত ব্যয়
কর্মকর্তাদের বেতনসহ ভাতাদি বাবদ	২০৮৩১.৬৯	২০৮১৬.৬২
ভবন ও স্থাপনা	৩১৭৫৮.১৫	৩০৯০২.১৬
সরবরাহ ও সেবা	৮০৬৯৩.৬৬	৭৮৯৮১.২৮
সংস্কার ও মেরামত	২৩৬৩.৮৮	২২৯৮.১২
অফিস সংক্রান্ত	৩৭৩১.৭১	৩৫০৬.২৭

৭। প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি: (পিসিআর অনুযায়ী)

কাজের ধরন (ডিপিপি অনুযায়ী)	একক	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		প্রকৃত অর্জন	
		আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক (লক্ষ টাকায়)	বাস্তব পরিমাণ
কর্মকর্তাদের বেতন	৭	৬৭.৯৪	০.০৪%	৬৭.৯৪	০.০৪%
কর্মকর্তাদের বেতন	-	৬৭.৯৪	০.০৪%	৬৭.৯৪	০.০৪%
সংস্থাপন ব্যয়	১৩৮৯৩	২২৫৫৪.৩৩	১৩.৯২%	২২৫৪৬.৫৪	১৪.১৭%
সংস্থাপন ব্যয়		২২৫৫৪.৩৩	১৩.৯২%	২২৫৪৬.৫৪	১৪.১৭%
ভাতা	১৩৮৯৩	২০৮৩১.৬৯	১২.৮৬%	২০৮১৬.৬২	১৩.০৮%
মহার্ঘ ভাতা	-	২৩৭৬.২৬	১.৪৭%	২৩৭২.৩৫	১.৪৯%
বাড়ি ভাড়া ভাতা		১১১৫৮.২৭	৬.৮৯%	১১১৫২.১৭	৭.০১%
বিশ্রাম এবং বিনোদন ভাতা		০.০০	০.০০%	০.০০	০.০০%
উৎসব ভাতা		৩৪৮৭.২৫	২.১৫%	৩৪৮৫.৮৮	২.১৯%
চিকিৎসা ভাতা		৩০৩৯.১৮	১.৮৮%	৩০৩৮.২৭	১.৯১%
পাহাড়ী ভাতা		১১২.৩৭	০.০৭%	১১১.৩৭	০.০৭%
ধোপা খরচ		০.১৫	০.০০%	০.১৫	০.০০%

কাজের ধরন (ডিপিপি অনুযায়ী)	একক	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		প্রকৃত অর্জন	
		আর্থিক	বাস্তব	আর্থিক (লক্ষ টাকায়)	বাস্তব
			পরিমাণ		পরিমাণ
১	২	৩	৪	৫	৬
প্রেমণ ভাতা		১.৮৯	০.০০%	১.৮৯	০.০০%
ইনসিডিয়ালস ভাতা		৩.০৮	০.০০%	৩.০৮	০.০০%
টিফিন ভাতা		৬৫০.৬৯	০.৪০%	৬৪৯.৯২	০.৪১%
যাতায়াত ভাতা		২.৫২	০.০০%	১.৫৩	০.০০%
শিক্ষা ভাতা		০.০৩	০.০০%	০.০৩	০.০০%
সরবরাহ এবং সেবা সমূহ		৮০৬৯৩.৬৬	৪৯.৮১%	৭৮৯৮১.২৮	৪৯.৬৪%
ভ্রমণ ভাতা	থোক (LS)	৪.৯৯	০.০০%	৩.৩৩	০.০০%
ওভার টাইম		২০.০১	০.০১%	২.১৮	০.০০%
অফিস ভাড়া		৪৫.০০	০.০৩%	০.০০	০.০০%
পৌর কর		৪.০০	০.০০%	০.০০	০.০০%
ভূমি কর	থোক (LS)	১৩৭.৪৪	০.০৮%	১৩৩.৮৩	০.০৮%
অন্যান্য কর		৩.৪৮	০.০০%	১.৪৮	০.০০%
ডাকমাসুল		১৮.৪২	০.০১%	১৩.৪২	০.০১%
টেলিফোন/টেলিগ্রাম/ টেলিপ্রিন্টার		৪.৪৫	০.০০%	৩.৩৫	০.০০%
টেলেক্স/ফ্যাক্স		৫.৭২	০.০০%	৪.৪৭	০.০০%
নিবন্ধন ফি		৮.৮৪	০.০১%	৩.৮৪	০.০০%
পানি		৭.১৭	০.০০%	২.৭৪	০.০০%
বিদ্যুৎ	থোক (LS)	১১০.৮২	০.০৭%	২১.৫২	০.০১%
গ্যাস এবং জ্বালানি	১১	৯৫.৫০	০.০৬%	৫৯.০৪	০.০৪%
পেট্রোল এবং তেল	১১	১০২.৯৩	০.০৬%	৬৮.৬৬	০.০৪%
বীমা/ব্যাংক চার্জ		১.০২	০.০০%	০.০২	০.০০%
কমিশন		২.০০	০.০০%	০.০০	০.০০%
মুদ্রন ও প্রকাশনা	থোক (LS)	২২৫৭.৬৪	১.৩৯%	২০৯৬.৯৪	১.৩২%
স্টেশনারি, সীল এবং স্ট্যাম্প	থোক (LS)	৮৭৫.৯১	০.৫৪%	৭০৪.৪০	০.৪৪%
বই এবং সাময়িকী	থোক (LS)	৭৬.৩১	০.০৫%	৬০.১০	০.০৪%
অডিও, ভিডিও/ফিল্ম প্রোডাকশন	থোক (LS)	১৫৫.১৭	০.১০%	১৪৩.৭০	০.০৯%
বিজ্ঞাপন এবং প্রচারণা	থোক (LS)	১৫৫৯.৪১	০.৯৬%	১৫৫৪.৫৫	০.৯৮%
ইউনিফর্ম		২.০০	০.০০%	০.০০	০.০০%
প্রশিক্ষণ ব্যয়	৪৩৯৯	১৭১০.৭২	১.০৬%	১৭০৫.৭২	১.০৭%
সেমিনার এবং সম্মেলন ব্যয়		৬৫.৪৮	০.০৪%	৬০.৪৮	০.০৪%
বৈদেশিক প্রশিক্ষণ	২০	৯.৩৮	০.০১%	৪.৩৮	০.০০%
আপ্যায়ণ ব্যয়		২১.৬৯	০.০১%	১৪.৩০	০.০১%
মালবাহী ও পরিবহণ ব্যয়	১৩৩৮৩ সিসি	২৬১২.৫৮	১.৬১%	২৪৩৯.০৪	১.৫৩%
ব্যবস্থাপনা ব্যয়	থোক (LS)	৮.১১	০.০১%	৩.১১	০.০০%
ক্যাজুয়াল লেবার	থোক (LS)	৯৪৫.৭১	০.৫৮%	৯৪১.২৯	০.৫৯%
ভোগ্য পণ্য ক্রয়	থোক (LS)	১০.০০	০.০১%	০.০০	০.০০%
কীটনাশক	থোক (LS)	১.৬৩	০.০০%	০.০০	০.০০%
ঔষধপত্র	১৩৩৮৩ সিসি	৬৪৯৭২.৬৩	৪০.১১%	৬৪৯৭১.৯৭	৪০.৮৩%
শল্যচিকিৎসা উপকরণ সরবরাহ	১৩৩৮৩ সিসি	২৭৯৮.৮৫	১.৭৩%	২৪৩৩.০৭	১.৫৩%
পরামর্শক ব্যয়	৩ জন	৯৭৬.১০	০.৬০%	৯৫৭.৫৪	০.৬০%
স্বীকরণ এবং পরিচ্ছন্নতা	থোক (LS)	১.২০	০.০০%	০.২০	০.০০%
নিরাপত্তা কর্মী	থোক (LS)	১৬.৬০	০.০১%	১৫.২২	০.০১%
সম্মানী, ফিস এবং পারিশ্রমিক	থোক (LS)	৫৪.৪২	০.০৩%	৫৩.৮৪	০.০৩%
জরিপ	থোক (LS)	৫৬.০২	০.০৩%	৫৬.০২	০.০৪%

কাজের ধরন (ডিপিপি অনুযায়ী)	একক	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		প্রকৃত অর্জন	
		আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক (লক্ষ টাকায়)	বাস্তব পরিমাণ
কপি করার ব্যয়	থোক (LS)	২.৩০	০.০০%	০.৩০	০.০০%
কম্পিউটার পণ্য	থোক (LS)	৩৪.০৯	০.০২%	২৪.০৮	০.০২%
দিবস/অনুষ্ঠান উদযাপন	থোক (LS)	২৯৬.২৪	০.১৮%	১১১.২১	০.০৭%
সাবসিসট্যান্স ভাতা	থোক (LS)	৫.০০	০.০০%	০.২৫	০.০০%
নিয়োগ বাবদ ব্যয়	থোক (LS)	১.০০	০.০০%	০.০০	০.০০%
সভা বাবদ ব্যয়	থোক (LS)	৫.০০	০.০০%	০.০০	০.০০%
কুরিয়ার সার্ভিস	থোক (LS)	১০.৩৬	০.০১%	৬.৯৩	০.০০%
অন্যান্য ব্যয়	থোক (LS)	৫৮০.৩২	০.৩৬%	৩০৪.৭৮	০.১৯%
মেরামত এবং রক্ষণাবেক্ষণ		২৩৬৩.৮৮	১.৪৬%	২২৯৮.১২	১.৪৪%
মোটর যান	১১	৬৭.৫৬	০.০৪%	৬৮.৭৩	০.০৪%
আসবাবপত্র	থোক (LS)	১০.০০	০.০১%	০.০০	০.০০%
কম্পিউটার এবং অফিস যন্ত্রপাতি	থোক (LS)	২৮.৬২	০.০২%	৯.৭০	০.০১%
মেশিনারিজ	থোক (LS)	১৩.৬০	০.০১%	১১.৭১	০.০১%
অফিস বিল্ডিং/কমিউনিটি ক্লিনিক	থোক (LS)	২১৫৩.১৯	১.৩৩%	২১৫১.৫১	১.৩৫%
স্যানিটারি এবং পানি সরবরাহ	থোক (LS)	৬০.০৩	০.০৪%	৫০.০৩	০.০৩%
বৈদ্যুতিক স্থাপনা	থোক (LS)	১১.৮০	০.০১%	০.২৩	০.০০%
টেলিযোগাযোগ	থোক (LS)	৩.০০	০.০০%	০.৬১	০.০০%
অন্যান্য মেরামত এবং রক্ষণাবেক্ষণ	থোক (LS)	১৬.০৮	০.০১%	৫.৬০	০.০০%
মোট=ক		১২৬৫১১.৫০	৭৮.০৯%	১২৪৭১০.৫	৭৮.৩৮%
সম্পদ অধিগ্রহণ		৩৭৩১.৭১	২.৩০%	৩৫০৬.২৭%	২.২০%
অফিস বিল্ডিং		৭.০০	০.০০%	৭.০০	০.০০%
মোটর যান/যানবাহন	১১	৩১২.৯৪	০.১৯%	৩১২.৯৪	০.২০%
মেশিনারিজ ও অন্যান্য উপকরণ	থোক (LS)	৩৮.০০	০.০২%	২৩.১৬	০.০১%
কম্পিউটার এবং আনুষঙ্গিক সামগ্রী	থোক (LS)	৩৫.০০	০.০২%	২৮.৭৩	০.০২%
কম্পিউটার সফটওয়্যার	থোক (LS)	১০.০০	০.০১%	০.০০	০.০০%
অফিসের অন্যান্য যন্ত্রপাতি	থোক (LS)	১২.১১	০.০১%	০.৪৭	০.০০%
আসবাবপত্র	১৩৩৮৩	২৭৫৭.৫৩	১.৭০%	২৭২২.৭৯	১.৭১%
টেলিযোগাযোগ উপকরণ	থোক (LS)	৩.১৩	০.০০%	১.৬৩	০.০০%
বৈদ্যুতিক উপকরণ	থোক (LS)	৩০০.০০	০.১৯%	২৪৩.৮০	০.১৫%
অন্যান্য	থোক (LS)	২৫৬.০০	০.১৬%	১৬৫.৭৬	০.১০%
নির্মাণ এবং কাজ		৩১৭৫৮.১৫	১৯.৬০%	৩০৯০২.১৬	১৯.৪২%
কমিউনিটি ক্লিনিক নির্মাণ	২৭৫৯	৩১২৫৮.০০	১৯.২৯%	৩০৪০২.৯৬	১৯.১১%
বৈদ্যুতিক স্থাপনা	থোক (LS)	৫০০.১৫	০.৩১%	৪৯৯.২০	০.৩১%
মোট=খ		৩৫৪৮৯.৮৬	২১.৯১%	৩৪৪০৮.৪৩	২১.৬২%
সর্ব মোট=ক+খ		১৬২০০১.৩৬	১০০%	১৫৯১১৮.৯২	১০০%

৮। সাধারণ পর্যবেক্ষণ:

- ৮.১ **পটভূমি:** দেশের প্রত্যন্ত অঞ্চলে, যেখানে সাধারণ জনগণ বাস করে এবং কাজ করে, জাতীয় পর্যায়ে স্বাস্থ্য সেবা কার্যক্রমকে সেই সব এলাকায়, পরিবার ও ব্যক্তি পর্যায়ে পৌঁছে দেবার জন্য কমিউনিটি ক্লিনিক হচ্ছে প্রথম সোপান। এখানে মূলত প্রতিরোধমূলক, প্রতিষেধক চিকিৎসা, পরামর্শ প্রদান ও রেফারাল সেবা দেওয়া হয়। এছাড়াও কমিউনিটি ক্লিনিকের প্রধান বিবেচ্য বিষয় হচ্ছে, সরকারী ও বেসরকারী পর্যায়ে সমন্বিত উদ্যোগ, কর্মসূচীর বাস্তবায়ন, এলাকাবাসী কর্তৃক কমিউনিটি ক্লিনিক নির্মাণের জন্য জমি প্রদান, সরকার কর্তৃক ভবন নির্মাণ, সরকারী ভাবে ঔষধ সহ অন্যান্য উপাদান সরবরাহ, কর্মকর্তা/কর্মচারী নিয়োগ, সরকারী এবং এলাকার জনগণের সমন্বিত উদ্যোগে কমিউনিটি ক্লিনিক ব্যবস্থাপনা ও পরিচালনা করা।

সরকার ১৯৯৮ সালে গ্রাম বাংলার প্রতি ৬০০০ মানুষের জন্য ১টি হিসেবে মোট প্রাধান্য
 দিয়ে এলাকাবাসী কর্তৃক দান করা জমিতেই কমিউনিটি ক্লিনিক নির্মাণ করা হয়েছিল। ১৯৯৮ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত
 সময়ে মোট ১০,৭২৩ টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ করা হয়েছিল। কিন্তু সরকার পরিবর্তনের কারণে এই গুরুত্বপূর্ণ কার্যক্রমটি
 এর গুরুত্ব হারায়। বর্তমান সরকার এর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে এবং এই মন্ত্রণালয়ের অধীনস্থ
 অধিদপ্তর DGHS ও DGFP এর বাস্তবায়নে ২০০৯ সালে কমিউনিটি ক্লিনিকগুলোকে পুনরায় সেবা প্রদানের উপযোগী
 করার জন্য ৫ বছর মেয়াদি একটি 'পতাকাবাহী (ফ্ল্যাগশিপ)' প্রকল্প দ্বিতীয়বারের মত হাতে নেওয়া হয়। এই প্রকল্পে ১৯৯৮-
 ২০০১ সময়ে নির্মিত ১০,৭২৩ টি কমিউনিটি ক্লিনিকের মধ্যে ১০,৬২৪ টি কমিউনিটি ক্লিনিকের প্রয়োজনীয় মেরামত,
 সেবাপ্রদানকারী নিয়োগ, ঔষধপত্র সহ অন্যান্য প্রয়োজনীয় সুবিধাদি সরবরাহ করে কার্যোপযোগী করে তোলা এবং সেইসাথে
 দেশের প্রত্যন্ত ও দুর্গম অঞ্চলে (যে সকল স্থানে সরকারী স্বাস্থ্য সেবা অপ্রতুল) ২৭৫৯টি নতুন কমিউনিটি ক্লিনিক নির্মাণসহ
 মোট ১৩,৩৮৩ টি কমিউনিটি ক্লিনিক চালু করার লক্ষ্যমাত্রা স্থির করা হয়।

কমিউনিটি ক্লিনিকগুলি থেকে সরকারী ছুটির দিন বাদে প্রত্যহ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টা পর্যন্ত সেবা দেওয়া
 হয়ে থাকে। প্রত্যেক কমিউনিটি ক্লিনিকে ১ জন করে এলাকার স্বাস্থ্য সেবা প্রদানকারী (সিএইচসিপি) এবং ১ জন স্বাস্থ্য
 সহকারী (এইচএ) ও পরিবার কল্যাণ সহকারী (এফডব্লিউএ) থাকেন। কমিউনিটি ক্লিনিক হতে মাতৃত্বকালীন, গর্ভকালীন
 এবং প্রসূতি সেবা, শিশুদের যাবতীয় রোগের সমন্বিত চিকিৎসা, প্রজনন স্বাস্থ্য সেবা, পরিবার পরিকল্পনা এবং ইপিআই , নব
 দম্পতিদের নাম, গর্ভবতী মা, জন্ম-মৃত্যু, প্রসবের সম্ভাব্য তারিখ (ইডিডি) ইত্যাদি নিবন্ধীকরণ, পুষ্টি বিষয়ক শিক্ষা ও
 পুষ্টিকর অতিরিক্ত খাদ্য সরবরাহ, স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা বিষয়ক শিক্ষা ও পরামর্শ, ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ,
 অটিজম ও ক্লাবফিট ইত্যাদি সনাক্তকরণ, জটিল রোগের জন্য উন্নততর স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে রেফার করা, এলাকায় একটি
 কার্যকরী এমআইএস তথ্যের উৎস তৈরী করা ইত্যাদি সেবা সমূহ প্রদান করা হয়ে থাকে।

৮.২ **প্রকল্পের মূল উদ্দেশ্য:** এই প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল কমিউনিটি ক্লিনিকের কার্যক্রমকে আরও জোরদার করে দেশের মোট
 জনসংখ্যার তিন চতুর্থাংশ, যারা গ্রামে বাস করেন তাদের দোরগোড়ায় প্রাথমিক স্বাস্থ্যসেবাকে পৌঁছে দিয়ে জনগণের
 সার্বিক স্বাস্থ্য সুনিশ্চিত করা, তথা গড় আয়ু বৃদ্ধি করা।

৮.৩ **সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ:**

- বাংলাদেশের পল্লী অঞ্চলে (১৯৯৮-২০০১ সালে নির্মিত) বিদ্যমান ১০,৭২৩ টি কমিউনিটি ক্লিনিকের মধ্যে ১০,৬২৪ টি
 কমিউনিটি ক্লিনিক মেরামত করে সেবা প্রদানের উপযোগী করে তোলার কার্যক্রম জোরদারকরণ;
- দেশের যে সকল স্থানে সরকারী স্বাস্থ্য সেবা অপ্রতুল (পাহাড়ী এলাকা, চর, হাওর ও বাওর এলাকা) সে সকল স্থানে
 ২,৭৫৯ টি নতুন কমিউনিটি ক্লিনিক স্থাপন করা;
- প্রতিটি কমিউনিটি ক্লিনিকে বিশেষায়িত প্রশিক্ষণ প্রাপ্ত সেবা প্রদানকারী নিয়োগ নিশ্চিত করা;
- স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি কমিউনিটি ক্লিনিকে ঔষধসহ অন্যান্য প্রয়োজনীয়
 জিনিস পত্রাদি সরবরাহ করা; এবং
- ১৩,৩৮৩ টি কমিউনিটি ক্লিনিকের সবগুলোকেই উপজেলা ও জেলা পর্যায়ে চলমান স্বাস্থ্য কার্যক্রমের আওতায় আনা ও
 কার্যকরী রেফারেন্স লিংকেজ সৃষ্টি করা।

৮.৪ **প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম:**

- ২,৭৫৯ টি নতুন কমিউনিটি ক্লিনিক স্থাপন করা
- স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি কমিউনিটি ক্লিনিকে ঔষধসহ অন্যান্য
 প্রয়োজনীয় জিনিস পত্রাদি সরবরাহ
- কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার নিয়োগ, প্রশিক্ষণ, বেতন-ভাতা প্রদান,
- কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম জোড়দার করতে প্রয়োজনীয় কমিটি গঠন ও সমন্বয় সাধন ইত্যাদি।

৮.৫ **প্রকল্পের অনুমোদন অবস্থা:** প্রকল্পটি গত ১৭/০৯/২০০৯ তারিখে ২৬৭৭৪৮.৯৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৯ থেকে
 জুন, ২০১৪ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ২৬৭৭৪৮.৯৭ লক্ষ
 টাকার মধ্যে জিওবি ২১৭,৭৪৮.৯৭ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৫০,০০০.০০ লক্ষ টাকা। প্রকল্পটির ১ম দফায় প্রাক্কলিত ব্যয়
 ধরা হয় ১৬৩,৭৮৮.৪৮ (জিওবি- ১৬৩,৬০৭.৫২, প্রকল্প সাহায্য- ১৮০.৯৬) লক্ষ টাকা এবং মেয়াদ বৃদ্ধি পায় ০৬
 (ছয়) মাস (জুলাই ২০০৯ থেকে ডিসেম্বর ২০১৪)। প্রকল্পটির ১ম দফায় প্রাক্কলিত ব্যয় ধরা হয় ১৬২,০০১.৩৬ (জিওবি-

১৬১,৮২০.৪০, প্রকল্প সাহায্য-১৮০.৯৬) লক্ষ টাকা এবং মেয়াদ বৃদ্ধি পায় ০৬ (ছয়) মাস (জুলাই ২০০৯ থেকে জুন ২০১৫)।

৯। খসড়া প্রভাব মূল্যায়ন প্রতিবদনে উল্লিখিত সুপারিশ:

কমিউনিটি ক্লিনিকসমূহের সেবার মান বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপগুলো নেওয়া যেতে পারে:

- গর্ভবতী মায়াদের ডেলিভারীর জন্য সেবা প্রতিষ্ঠানমুখী করার লক্ষ্যে উদ্বুদ্ধকরণ কর্মসূচী হাতে নেয়া যেতে পারে এবং সেই সাথে সকল কমিউনিটি ক্লিনিকে নরমাল ডেলিভারী সেবা চালু করতঃ সকল মহিলা সিএইচসিপিকে সিএসবিএ হিসেবে প্রশিক্ষণ দেয়া যেতে পারে।
- কমিউনিটি ক্লিনিকের নিয়মিত সেবাদানকারীগণ (সিএইচসিপি) নিয়োগের পর মাত্র ৩ মাসের বুনিয়াদি (ব্যাসিক ট্রেনিং) প্রশিক্ষণের সময় হাতে কলমে বা কোন স্বাস্থ্যকেন্দ্রে কোন ব্যবহারিক প্রশিক্ষণ দেয়া যেতে পারে। দক্ষতা ও সেবার মান উন্নয়নের জন্য ভবিষ্যতে আরও দীর্ঘ সময়ব্যাপী প্রশিক্ষণ, বিশেষ করে কিছু কিছু ব্যবহারিক বিষয় যেমন- ছোট-খাট কাটা ছেড়ার ব্যবস্থাপনা, ইনজেকশনের মাধ্যমে ঔষধ ও স্যালাইন প্রয়োগ ইত্যাদির উপরে বিশদ প্রশিক্ষণ দেওয়া যেতে পারে।
- স্থানীয় জনগণের চাহিদা অনুযায়ী সপ্তাহে নির্দিষ্ট কোন দিনে ইউএইচসিতে নিয়োজিত ১১জন মেডিক্যাল অফিসারের মধ্য থেকে পর্যায়ক্রমে কমিউনিটি ক্লিনিক পরিদর্শন ও সেখানে সেবা প্রদানের ব্যবস্থা নেয়া যেতে পারে।
- কমিউনিটি ক্লিনিকগুলো স্থানীয় জনগণের চাহিদা অনুযায়ী ছুটির দিনসহ সপ্তাহের ৭ দিনই খোলা রাখার ব্যবস্থা করা যেতে পারে, সেইসাথে ২৪ ঘণ্টা সেবা প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। প্রয়োজন হলে, কমিউনিটির যোগ্য ব্যক্তিদের পালাক্রমে কমিউনিটি ক্লিনিকে নির্দিষ্ট দায়িত্ব পালনে উৎসাহিত করা যেতে পারে।
- কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রয়োজন অনুযায়ী ঔষধের সরবরাহ নিশ্চিত করতে হবে। প্রয়োজনে, কমিউনিটি থেকে অনুদানের মাধ্যমে প্রয়োজনীয় ঔষধ দ্রুত জনগোষ্ঠীর জন্য সংগ্রহ করা যেতে পারে।
- বিদ্যমান ব্যবস্থাগুলোর বাইরে আরও কিছু পরীক্ষা যেমন-রক্ত ও প্রস্রাব পরীক্ষা, আল্ট্রাসোনোগ্রাম ইত্যাদি করার ব্যবস্থা করা যেতে পারে।
- সেবাগ্রহীতা ও তাদের সহযোগীদের বসার জন্য ভালো ব্যবস্থা এবং টয়লেট সুবিধা বিশেষ করে মহিলাদের জন্য পৃথক টয়লেটের ব্যবস্থা করা যেতে পারে।
- ক্লিনিকের অবকাঠামোগুলো মেরামত এবং রক্ষণাবেক্ষণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে কমিউনিটি গ্রন্থপগুলো তাদের নিজ উদ্যোগে এলাকার জনগণের সহায়তায় অবকাঠামোগুলো রক্ষণাবেক্ষণ ও সংস্কারের ব্যবস্থা গ্রহণ করতে পারে।
- দক্ষ ধাত্রীর মাধ্যমে সাধারণ প্রসব সেবা/নরমাল ডেলিভারী নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশে বর্তমানে একাধিক ধাত্রী প্রশিক্ষণ কর্মসূচী চালু আছে, যেমন: মিডওয়াইফারি প্রশিক্ষণ (তিন বছর মেয়াদী), সিএসবিএ (৬ মাস মেয়াদী) প্রশিক্ষণ ইত্যাদি। এগুলোর মাধ্যমে ধাত্রীদের উন্নত প্রশিক্ষণ দিয়ে সারা দেশে দক্ষ ধাত্রী গড়ে তোলা যেতে পারে।
- কোন কোন কমিউনিটি ক্লিনিকে বিদ্যুৎ এর সংযোগ না থাকায় সেবা কার্যক্রম ব্যাহত হচ্ছে। সম্ভাব্য ক্ষেত্রে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা করা যেতে পারে। এক্ষেত্রে সৌর বিদ্যুতের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।
- জরুরি প্রয়োজনে রোগী রেফারের ক্ষেত্রে ভ্যান/গাড়ী/ গ্র্যান্ডুলেপের ব্যবস্থা করা যেতে পারে।
- কমিউনিটি ক্লিনিকগুলোর পরিষ্কার-পরিচ্ছন্নতা রক্ষার্থে একজন সহযোগী জনবল (আয়া) নিয়োগ দেওয়া প্রয়োজন।
- কমিউনিটি ক্লিনিকে জনগণের অংশগ্রহণ বাড়ানোর লক্ষ্যে জনসচেতনতামূলক বিভিন্ন কর্মসূচী গ্রহণ করতে হবে।
- কমিউনিটি ক্লিনিকের সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করার কোন ব্যবস্থা না থাকায় কমিউনিটি ক্লিনিকের অবকাঠামোগত অবস্থার বেশ ক্ষতি হয়েছে। কমিউনিটি ক্লিনিকগুলোর সুষ্ঠু রক্ষণাবেক্ষণের স্বার্থে কেয়ারটেকার/নাইট গার্ড নিয়োগ দেয়া যেতে পারে। এ বিষয়ে, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গকে উৎসাহিত করে কমিউনিটি ক্লিনিকে অনুদান হিসেবে সার্বক্ষণিক নাইট গার্ড এর ব্যবস্থা করা যেতে পারে।